Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

https://karmosangsthan.com

Vol. 33 ■ Issue No. 4 ■ 25th January 2020 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

কেন্দ্র ও রাজ্য সরকারে চাকরিরত RICE-এর ছাত্রছাত্রীদের ১৪তম সমাবর্তন উৎসবে আমন্ত্রণ।

Date: 16th February, 2020 (Sunday)

Venue : Adamas Knowledge City, Barasat, Kolkata-700126.

সরকারি চাকরিরত RICE-এর ছাত্রছাত্রীদের Online Registration দ্বারা নাম নথিভুক্ত করতে অনুরোধ জানানো হচ্ছে– www.riceindia.org

সমাবর্তন সম্পর্কে জানতে যোগাযোগ করুন– 8479918046 / 8479902084 / 8336951814 (10 am - 5 pm)

জেলা স্বাস্থ্য দফতরে

## ২৯২ আশা কর্মী

দক্ষিণ ২৪ পরগনা জেলার জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির অধীন আলিপুর (সদর), বারুইপুর ও ক্যানিং মহকুমার অর্ন্তগত ১৬টি ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে ২৯২ জন

এরপর ২ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ১০০ ইঞ্জিনিয়ার

আই.টি.আই. লিমিটেড ইঞ্জিনিয়ার হিসাবে ১০০ জন লোক নিচ্ছে। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স

এরপর ২ পাতায়

## রাজ্য সরকারে ৫০ অফিসার

রাজ্য সরকারের ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ অ্যান্ড হর্টিকালচার বিভাগ 'অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ হর্টিকালচার' পদে ৫০ জন লোক নিচ্ছে।

হর্টিকালচার ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। হর্টিকালচার অন্যতম বিষয় হিসাবে নিয়ে অ্যাগ্রিকালচারের ডিগ্রি কোর্স

এরপর ২ পাতায়

# ন্যাবার্ড ব্যাঙ্কে ১৫০ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (ন্যাবার্ড) রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিসে 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড-A' পদে ১৫০ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, গ্রেড-এ পদে নেওয়া হবে এইসব শাখায় :**

**জেনারেল** : যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্স পাশরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা, কোম্পানি সেক্রেটারিশিপ কোর্স পাশ হলেও যোগ্য। ডিগ্রি কোর্স পাশরা ম্যানেজমেন্টের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ কিংবা এম.বি.এ. কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৬৯টি (জেনাঃ ২৬, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৯, ই.ডব্লু.এস. ৯)।

**জেনারেল অ্যাগ্রিকালচার** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী

এরপর ৭ পাতায়

কেন্দ্রীয় সরকারের ভারী জল পর্ষদে

# ২৩৩ ক্লার্ক, স্টেনো স্টাইপেন্ডিয়ারি ট্রেনি

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট

কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন হেভি ওয়াটার বোর্ড 'স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (ক্যাটেগরি-।)', 'স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (ক্যাটেগরি -।।)', 'লোয়ার ডিভিশন ক্লার্ক', 'স্টেনোগ্রাফার', 'ড্রাইভার', 'ড্রাইভার-কাম-পাম্প অপারেটর' পদে ২৩৩ জন ছেলেমেয়ে নিচ্ছে।

**কারা কোন পদের জন্য যোগ্য :**

স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (ক্যাটেগরি - ।)'এ নেওয়া হবে এইসব শাখায় : কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন ও কেমিস্ট্রি (ল্যাবরেটরি)।

এরপর ৯ পাতায়

# ৩০২ ইন্সট্রাক্টর রাজ্যের সরকারি আই.টি.আইয়ে

পশ্চিমবঙ্গ সরকারের টেকনিক্যাল এডুকেশনের অধীন সরকারি আই.টি.আই.তে ইন্সট্রাক্টর পদে ৩০২ জন লোক নিচ্ছে। কোন ট্রেডে নেওয়া হবে ও শূন্যপদ কটি : ড্রাফটস্যান (সিভিল) ১২টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ২)। ইলেক্ট্রিশিয়ান ৪৪টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৫, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৭, প্রতিবন্ধী ৩)। ইলেক্ট্রনিক্স মেকানিক ১৯টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, ও.বি.সি. -এ ক্যাটেগরি ২, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ২)। ফিটার ৪৪টি (জেনাঃ ২১, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৬, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৩, প্রতিবন্ধী ৩, মেধাবী খেলোয়াড় ১)। মেশিনিস্ট গ্রাইন্ডার ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩)। মেশিনিস্ট ২৫টি (জেনাঃ ১১,

এরপর ১৬ পাতায়

# ১৮৮ ম্যানেজমেন্ট ট্রেনি

ভাইজাগ স্টিলের অধীন বিশাখাপত্তনম রাষ্ট্রীয় ইস্পাত নিগম লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল)' পদে ১৮৮ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

ইলেক্ট্রিক্যাল : ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, পাওয়ার ইলেক্ট্রনিক্স, কন্ট্রোল সিস্টেম ইঞ্জিনিয়ারিং বা, এনার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪৫টি (জেনাঃ ১৮, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৬)।

মেকানিক্যাল : মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন টেকনোলজি, ম্যানুফ্যাকচারিং বা,

এরপর ৭ পাতায়

## ৭৭ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

খড়গপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি 'জুনিয়র এক্সিকিউটিভ', 'জুনিয়র টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট' ও 'জুনিয়র টেকনিশিয়ান /জুনিয়র ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট' পদে

এরপর ১৩ পাতায়

## ১০০ অ্যাপ্রেন্টিস

রাইটস লিমিটেড ট্রেড অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস হিসাবে ১০০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মেকানিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের

এরপর ১৬ পাতায়

## রাজ্য সরকারে ইঞ্জিনিয়ার

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দফতরে 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল /ইলেক্ট্রিক্যাল)' পদে ১৮ জন লোক নেওয়া হচ্ছে।

মেকানিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল

এরপর ২ পাতায়

# ৩৫২ গ্রামীণ সম্পদ কর্মী

পশ্চিম মেদিনীপুর জেলা সামাজিক নিরীক্ষা বিভাগ 'গ্রামীণ সম্পদ কর্মী' পদে ৩৫২ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে এম.জি.এন.আর.আই.জি.এস.'এ কাজ করছে বা, করে থাকে এমন প্রার্থী হতে হবে। যে ব্লকের জন্য দরখাস্ত করবেন, সেই ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে। শূন্যপদ : ২৫২টি। এর মধ্যে মেদিনীপুর সদর ব্লকে ৩৮টি, শালবনী ব্লকে ৯টি, কেশপুর ব্লকে ১৫টি, গড়বেতা -১ ব্লকে ১৩টি, গড়বেতা -২ ব্লকে ৪টি, গড়বেতা - ৩ ব্লকে ৪টি, খড়্গপুর -১ ব্লকে ২৪টি, খড়্গপুর - ২ ব্লকে ৪৫টি, কেশিয়াড়ী ব্লকে ৬টি, মোহনপুর ব্লকে ৫টি, দাঁতন -১ ব্লকে ১১টি, দাঁতন -২ ব্লকে ৩টি, ডেবরা ব্লকে

এরপর ৪ পাতায়

আরো চাকরির খবর ভেতরের পাতায়

# নার্সিং, ফিজিওথেরাপি ও ল্যাব. টেকনিশিয়ানের ডিগ্রি

**নিজস্ব প্রতিনিধি** : পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বা, বেসরকারি কলেজে 'নার্সিংয়ের বি.এসসি.' কোর্স, 'ফিজিওথেরাপির ডিগ্রি', 'অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গোয়েজ প্যাথোলজির ডিগ্রি', 'মেডিকাল ল্যাবরেটরি টেকনোলজির ডিগ্রি' কোর্সে আর 'ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি', 'অপারেশন থিয়েটার টেকনোলজি', 'পারফিউশন টেকনোলজি', 'ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট', ইলেক্ট্রোফিজিওলজি, রেডিওলজি অ্যান্ড ইমাজিং সায়েন্স ও ডায়ালিসিসের

এরপর ৫ পাতায়

১৩২ পাতার দাম ১০ টাকা

জানুয়ারি সংখ্যা বেরিয়েছে

কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য সাধারণ জ্ঞান

পি.এস.সি ক্লার্কশিপ

পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি

পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

রেলের গ্রুপ 'ডি' পদের

পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

পি.এস.সি মিসলেনিয়াস

পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।

যোগাযোগ : 9830624170

স্বনির্ভর ও সহজ চাকরিমুখী প্রফেশনাল কোর্সে সরাসরি ভর্তির বিজ্ঞপ্তি (2020-2021)

Our Courses

Engineering – All Stream

Pharmacy – B.Pharma, D.Pharma, Pharma D

Nursing – GNM, B.Sc. Nursing, M.Sc. Nursing, P.B.B.Sc.

Law – LLB, LLM, BA / BBA + LLB

Management – MBA & BBA, MCA & BCA, Hotel & Hospitality Mgmt

2020-21 সেশনে উপরোক্ত কোর্সগুলিতে আমাদের রাজ্যে ও অন্যান্য রাজ্যের well known, Reputed, 100% Placement Record যুক্ত কলেজগুলিতে ভর্তির বুকিং শুরু হয়ে গেছে। প্রত্যেকটি কলেজের সীটসংখ্যা সীমিত, তাই দেরী না করে ভালো Infrastructure ও উন্নত পড়াশোনার মানযুক্ত কলেজে অতি শীঘ্রই সীট বুক করুন।

আমাদের পরিষেবা

- আমরা বহু বৎসর ধরে সম্মানের সহিত বহু ছাত্রছাত্রীকে সঠিক Guide দিয়ে চাকরি / স্বনির্ভর হওয়ার সুযোগ করে দিয়েছি।
- শুধুমাত্র ছাত্রছাত্রীদের ভর্তি নয়, প্রতি মুহূর্তে কোর্স চলাকালীন Academic ও Management related সমস্যার সমাধান করে থাকি।
- আমরা বহু স্বনামধন্য কলেজের Exclusive Authorized Partner হিসাবে কাজ করে থাকি।
- আমাদের Existing Student-দের Feedbackই আমাদের একমাত্র পরিচয়।

আমাদের সাথে Attach থেকে স্টুডেন্টদের প্রকৃত শিক্ষা ও সন্ধান পাইয়ে দেওয়ার জন্য বিভিন্ন জেলা ও শহরভিত্তিক কিছু শিক্ষিত মানুষকে আমরা পাশে পেতে চাই। যাঁরা এই সম্মানজনক কাজে যুক্ত হতে চান, তারা যোগাযোগ করুন 9051519293 এই নম্বরে।

INNOVATIVE CAREER FOUNDATION

Dalhousi, Kolkata

033-46042059 / 7605088678

উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা ও নদিয়া - 7980369219

বর্ধমান ও দুর্গাপুর - 8597978485, হাওড়া ও হুগলি - 9800245711

রায়গঞ্জ ও মালদা - 9531730855, রামপুরহাট ও মুরারই - 9775115655

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## কর্মখালি

Pristine Skill Power Pvt. Ltd invites application for qualified Fire Trainer and Marketing Executives for its campus at Howrah. Cont: sb922699@gmail.com

B

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900)। থাকা-খাওয়ার সুবিধা। M-9830597944

SA

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500/- -18500/-. থাকা খাওয়ার সুবিধা। 8436485750.

SA

Durgapur- এ ছাত্রীনিবাসের জন্য মহিলা ওয়ার্ডেন এবং দক্ষ পুং রাঁধুনি দরকার। Mobile No: 9593358555/9593367555.

B

### আর্জেন্ট ভ্যাকান্সি

3 Star এবং 5 Star হোটেল ও রিসর্টে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। P.F, ESI সহ থাকা খাওয়ার সুবিধা আছে। বেতন: 12792/- 16792/-. M-8609637802.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

### আর্জেন্ট ভ্যাকান্সি

পঃবঃ 27 টি জেলায় লিখিত Agreement এ সই করে নার্সিং হোম ও প্রাইভেট হাসপাতালে বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,700/- -17,500/-. Mobile - 7719152618.

SA

### দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।


## ফ্রি কোর্স করিয়ে কয়েক হাজার চাকরি

এআইসিএসএম বোর্ড এর মাধ্যমে ইএমকে ফ্রি কোর্স এর জন্য আবেদন পত্র জমা নেওয়া হচ্ছে। এই কোর্স সম্পূর্ণ করার পর আপনি সিমান সার্ভিসে চাকরি করতে পারবেন। চাকরি হতে পারে সারা ভারত এর যে কোন জায়গায়।

**ন্যূনতম যোগ্যতা :** মাধ্যমিক পাস ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারবেন।

**ট্রেড এর বিবরণ :** ইএমকেসি ফর- পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট, পিয়ন, রিসেপশনিস্ট, ক্লার্ক, রানার, সিমান, ইন্সপেক্টর ইনচার্জ, কোর্স অফিসার, মস্টিটাস্কিং স্টাফ, কুক, স্টুয়ার্ড, অয়েলার এবং ফিটার।

**বয়স :** ০১.০৩.২০২০ হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি এবং এসটি প্রার্থীরা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন।

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ :** ১০.০৩.২০২০

**সিলেকশন পদ্ধতি:** সমস্ত শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নাম্বার দেখে সিলেকশন করা হবে। মনোনীত হলে ই-সিলেকশন লেটার পাবেন আপনার রেজিস্টার ইমেল আইডিতে এবং আপনার মোবাইল নম্বরে একটি এস.এম.এস পাঠানো হবে। তারপর ডাক্তারি পরীক্ষা, বেসিক ডকুমেন্ট ভেরিফিকেশন, পুলিশ ভেরিফিকেশন ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট সহ সমস্ত নথিপত্র ভেরিফিকেশন করা হবে। ভেরিফিকেশন সফল হওয়ার পর সরাসরি কোর্সে এ ভর্তি নেওয়া হবে সম্পূর্ণ বিনামূল্যে। কোর্স চলাকালীন কোন ধরনের পরীক্ষা দিতে হয় না এবং কোর্স সম্পূর্ণ করার পর পাবেন চাকরি।

**সম্পূর্ণ কোর্সে এর সময়কাল :** ১৪ মাস। কোর্স এর সময় থাকা-খাওয়া ও ১০,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন প্রতি মাসে এবং চাকরি চলাকালীন বেতন পাবেন প্রতি মাসে ৩০ হাজার থেকে ৭০ হাজার টাকা পর্যন্ত (সমস্ত সুযোগ-সুবিধা-সহ)।

**আবেদন পদ্ধতি :** অনলাইনে আবেদন করার জন্য www.aicsmindia.org ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন এ ক্লিক করুন। অ্যাপ্লিকেশন জমা দেবার পর আপনার রেজিস্টার ইমেল আইডির ইনবক্সে অথবা স্প্যাম ফোল্ডার থেকে অনলাইন আবেদন এর বিবরণ প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী সর্বোচ্চ দুটি ট্রেড এর জন্য আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সহ সারা ভারতে 114টি শাখা রয়েছে, সমস্ত শাখার তথ্য পাবেন নির্দিষ্ট ওয়েবসাইট থেকে। বিস্তারিত জানার জন্য www.aicsmindia.org ওয়েবসাইটটি লগইন করুন অথবা আমাদের টোল ফ্রি হেল্পলাইন নাম্বারে কল করুন 1800-1234-430 অথবা সরাসরি 063-8925-3754 (IVR) এই নম্বরে ফোন অথবা এসএমএস করতে পারবেন সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত, শনিবার, রবিবার ও অন্যান্য ছুটির দিন বাদ দিয়ে।

বিজ্ঞাপন


## ৩৫২ গ্রামীণ সম্পদ কর্মী

১ পাতার পর

১২টি, পিংলা ব্লকে ১৬টি, সবং ব্লকে ১৫টি, নারায়ণগড় ব্লকে ৯টি, চন্দ্রকোণা -১ ব্লকে ৮টি, চন্দ্রকোণা-২ ব্লকে ৪টি, ঘাটাল ব্লকে ১১টি, দাসপুর-১ ব্লকে ৮টি, দাসপুর-২ ব্লকে ৮২টি।

প্রাথমিকভাবে দরখাস্ত দেখে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। প্রার্থী বাছাই হবে ৫০ নম্বরের ভিত্তিতে। এর মধ্যে মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকের জন্য ৪৫ নম্বর আর ইন্টারভিউয়ের জন্য ৫ নম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www. paschimmedinipur.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


এখন পাঠক সংখ্যা বেড়ে ছাড়ালো প্রায়

২০ লাখ*



* Indian Readership Survey Q1 2019

সারা ভারতের সেরা ৫ পত্রিকার মধ্যে *

কর্মসংস্থান

* as per Audit Bureau of Circulation 30.06.2019


# অ্যারিথমেটিক

## চাকরির পরীক্ষার গণিত

1. Ram and Hari can cut 12 kgs nuts in 2 days. After 5 days, Hari left the work. Ram took 8 more days to cut the rest of the nuts. If total of 58 kgs of nuts were cut, the time taken by Hari to cut 10 kgs of nuts is

(A) 1 day (B) 2 days
(C) 3 days (D) 4 days

2. A trader marks his goods in such a way that after allowing a discount of 10% he gains 15%. If an article costs him Rs. 720, his marked price is

(A) Rs.920 (B) Rs.900
(C) Rs.820 (D) Rs.950

3. If a certain amount is fully distributed among A, B and C in such a way that A receives $\frac{1}{2}$ of the amount, B receives $\frac{1}{3}$ of the amount and C receives Rs. 1,200, then how much money would A receive ?

(A) Rs. 4,000 (B) Rs. 1,600
(C) Rs. 3,600 (D) Rs. 1,800

4. The selling price of an article 8 is $\frac{8}{5}$ th of its cost price. Then the gain percentage is

(A) 20% (B) 28% (C) 60% (D) 68%

5. If the salary of Manoj is 40% less than that of Subhash, then by how much percentage is the salary of Subhash more than that of Manoj?

(A) 60% (B) $66\frac{1}{4}$% (C) $66\frac{2}{3}$% (D) 65%

6. A passenger train running at the speed of 80 kms./hr leaves the railway station 6 hours after a goods train leaves and overtakes it in 4 hours. What is the speed of the goods train?

(A) 32 km/hr (B) 50 km/hr (C) 45 km/hr (D) 64 km/hr

7. How much simple interest will Rs. 4,000 earn in 18 months at 12% per annum ?

(A) Rs. 216 (B) Rs. 360 (C) Rs. 720 (D) Rs. 960

8. If $a + \frac{1}{a} = 2$, then the value of $\left(a^5 + \frac{1}{a^5}\right)$ will be

(A) 0 (B) 1 (C) 3 (D) 2

9. The value of $\left(\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}} - 4\sqrt{3}\right)^2$ is

(A)36 (B) $36\sqrt{3}$ (C) 49 (D) $49 + \sqrt{3}$

10. The mid points of AB and AC of the ΔABC are P and Q respectively. If PQ = 6 cm., then the side BC is

(A) 10 cm. (B) 12 cm. (C) 8 cm. (D) 14 cm.

11. The difference between the largest and the smallest angles of a triangle whose angles are in the ratio of 5 : 3 : 10 is

(A) 20° (B) 30° (C) 50° (D) 70°

12. If $\sin\theta = \frac{\sqrt{3}}{2}$ and $0° < \theta < 90°$, then the value of $\tan(\theta - 15°)$ is

(A) 1 (B) $\sqrt{3}$ (C) $\frac{1}{\sqrt{3}}$ (D) $\sqrt{2}$

13. Find the greatest number that will divide 390, 495 and 300 without leaving a remainder.

(A) 5 (B) 15 (C) 25 (D) 35

14. The average age of 30 boys in a class is 10 years. If the age of their teacher is also included, the average increases by one year. The teacher's age in years is

(A) 38 (B) 40 (C) 30 (D) 41

15. The value of $\left(\frac{1}{(p-n)(n-q)} + \frac{1}{(n-q)(q-p)} + \frac{1}{(q-p)(p-n)}\right)$ is

(A) 1 (B) 0 (C) p + q + n (D) $\frac{2n}{p+q}$

### সেকেন্ডে উত্তরের কৌশল

**1(D).** 1 দিনে রাম ও হরি বাদাম কাটে = $\frac{12}{2}$ কিলোগ্রাম = 6 কিলোগ্রাম.....(i)
5 দিনে বাদাম কাটে = 30 কিলোগ্রাম।
রাম একা বাদাম কাটে = 58 – 30 = 28 কিলোগ্রাম। সময় = 8 দিন।
তাহলে, 1 দিনে রাম বাদাম কাটে = $\frac{28}{8}$ = 3.5 কিলোগ্রাম।
তাহলে, সমীকরণ (i), থেকে পাই, হরি 1 দিনে বাদাম কাটে = (6 – 3.5) কিলোগ্রাম = 2.5 কিলোগ্রাম। তাহলে, হরি10 কিলোগ্রাম বাদাম কাটে = $\frac{10}{2.5}$ = 4 দিন। **2(A).** মনে করি, জিনিসটির চিহ্নিত মূল্য x টাকা। প্রশ্নানুসারে, x এর 90% = 720 × 115% ⇒ $x \times \frac{90}{100} = 720 \times \frac{115}{100} \Rightarrow x = \frac{115 \times 720}{90}$ = 920 টাকা।

**3(C).** মনে করি, মোট টাকা x। প্রশ্নানুসারে, $\frac{x}{2} + \frac{x}{3} + 1{,}200 = x \Rightarrow x - \frac{x}{2} - \frac{x}{3} = 1{,}200 \Rightarrow \frac{6x - 3x - 2x}{6} = 1{,}200 \Rightarrow \frac{x}{6} = 1{,}200 \Rightarrow x = 1{,}200 \times 6 = 7{,}200$ টাকা। A'র ভাগ = $\left(\frac{7200}{2}\right)$ টাকা = 3,600 টাকা। **4(C).** মনে করি, জিনিসটির ক্রয়মূল্য x টাকা। তাহলে, বিক্রয়মূল্য = $\frac{8x}{5}$ টাকা। লাভ = $\frac{8x}{5} - x = \frac{8x - 5x}{5} = \frac{3x}{5}$ টাকা। তাহলে, শতকরা লাভ = $\frac{\frac{3x}{5}}{x} \times 100 \times = \frac{3}{5} \times 100 = 60\%$. **5(C).** % = $\frac{40}{100 - 40} \times 100 = \frac{40 \times 100}{60} = \frac{200}{3} = 66\frac{2}{3}$%. **6(A).** মনে করি, মালগাড়ির গতিবেগ ঘন্টায় x কিলোমিটার। 10 ঘন্টায় মালগাড়ি যে দূরত্ব গেছে = 4 ঘন্টায় যাত্রীবাহী ট্রেন যে দূরত্ব গেছে ⇒ 10x = 80 × 4 ⇒ x = $\frac{80 \times 4}{10}$ = ঘন্টায় 32 কিলোমিটার। **7(C).** সরল সুদ = $\frac{\text{মূলধন} \times \text{সময়} \times \text{সুদের হার}}{100}$
= টাকা $\left(4000 \times \frac{18}{12} \times \frac{12}{100}\right)$ = 720 টাকা।

**8(D).** $a + \frac{1}{a} = 2 \Rightarrow a^2 + 1 = 2a$
$\Rightarrow a^2 - 2a + 1 = 0 \Rightarrow (a-1)^2 = 0$
$\Rightarrow a - 1 = 0 \Rightarrow a = 1 \therefore a^5 + \frac{1}{a^5} = 1 + 1 = 2$

**9(C).** $\left(\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}} - 4\sqrt{3}\right)^2 = \left\{\left(\frac{2+\sqrt{3}}{2-\sqrt{3}} \times \frac{2+\sqrt{3}}{2+\sqrt{3}}\right) - 4\sqrt{3}\right\}^2$
$= \left\{\frac{(2+\sqrt{3})^2}{4-3} - 4\sqrt{3}\right\}^2 = (4 + 4\sqrt{3} + 3 - 4\sqrt{3})^2 = 7^2 = 49.$

**10(B).**



তাহলে, BC = 2 × PQ = 2 × 6 = 12 cm.

**11(D).** ΔABC তে, A : B : C = 5 : 3 : 10
অনুপাতের যোগফল = 5 + 3 + 10 = 18
∠A + ∠B + ∠C = 180°. তাহলে, ব্যবধান = $\left(\frac{10-3}{18}\right) \times 180 = 70°$

**12(A).** $\sin\theta = \frac{\sqrt{3}}{2} = \sin 60°$
⇒ θ = 60° তাহলে, tan (9 – 15°) = tan (60° – 15°) = tan 45° = 1
**13(B).** সংখ্যাটি হল 390, 495 ও 300 এর গ.সা.গু=15. 15 ও 300 গ.সা.গু = 15. **14(D).** শিক্ষিকার বয়স =10 বছর + মোট বৃদ্ধি = (10 + 31) বছর = 41 বছর।

**15(B).** $\frac{1}{(p-n)(n-q)} + \frac{1}{(n-q)(q-p)} + \frac{1}{(q-p)(p-n)}$
$= \frac{(q-p) + (p-n) + (n-q)}{(p-n)(n-q)(q-p)} = \frac{0}{(p-n)(n-q)(q-p)} = 0$

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ও পি.আই.এম.টি.'র যৌথ উদ্যোগে একগুচ্ছ কর্মমুখী কোর্সে ভরতি



**নিজস্ব প্রতিনিধি :** রাজ্যের তরুণ-তরুণীদের নিশ্চিত কাজের জন্যে ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি গত কয়েক বছর ধরে নানা শাখায় কর্মমুখী ট্রেনিং দিয়ে চলেছে। এখান থেকে ট্রেনিং নিয়ে হাজারেরও বেশি ছাত্রছাত্রী যেমন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে উঁচুপদে চাকরি করছেন, ঠিক তেমনি অনেক সফল প্রার্থী ব্যবসা করে নিজের পায়ে দাঁড়িয়েছেন। উদ্যমীরা নিজের পাশাপাশি আরো পাঁচজনের আয়ের পথ দেখাচ্ছেন। এই সংস্থার মূল উদ্দেশ্য একদিকে যেমন আর্থিকভাবে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের আয়ের পথ দেখানো, ঠিক তেমনি অন্য এক উদ্দেশ্য হল মিডল ম্যানেজমেন্টের পেশাদার তৈরি করা। বিশ্ববিদ্যালয় ও অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানে মূলত উঁচুস্তরে ম্যানেজমেন্টের কোর্স পড়ানো হয়। সেখানে রাজ্যের একমাত্র পিআইএমটিতে সাধারণ মেধার ছেলেমেয়েদের পেশাদারি ব্যবস্থাপক হিসাবে গড়ে তুলতে ম্যানেজমেন্টের বিভিন্ন ধরনের কোর্স পড়ানো হয়। এই মুহূর্তে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত এই ১১টি পেশাদার কোর্সে ভরতি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা/অ্যাডভান্সড ডিপ্লোমা ইন টেলারিং ও ড্রেস ডিজাইনিং : মেয়াদ : ১২ মাস ও ২৪ মাস। শিক্ষাগত যোগ্যতা: বেসিকের জন্য মাধ্যমিক পাশ, অ্যাডভান্সড লেভেলের জন্য যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ। অ্যাডভান্সড কোর্স করে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় কর্মশিক্ষা বিষয়ে সহ শিক্ষক পদে আবেদন করা যায়। (২) ডিপ্লোমা ইন ফায়ার সেফটি সিকিউরিটি ম্যানেজমেন্ট : মেয়াদ : ১২ মাস। শিক্ষাগত যোগ্যতা : যেকোনো শাখার উচ্চ মাধ্যমিক পাশ। (৩) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মডার্ন অফিস ম্যানেজমেন্ট : মেয়াদ : ১২ মাস। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট। (৪) সার্টিফিকেট ইন ই-অ্যাকাউন্টিং, জিএসটি, ইনকাম ট্যাক্স : মেয়াদ : ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা: যেকোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ। (৫) সার্টিফিকেট ইন বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ডিজাইনিং : মেয়াদ : ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক পাশ। (৬) ডিপ্লোমা ইন যোগা এডুকেশন : মেয়াদ : ১২ মাস। শিক্ষাগত যোগ্যতা : যেকোনো শাখার উচ্চ মাধ্যমিক পাশ। (৭) ডিপ্লোমা ইন ফিটনেস অ্যান্ড স্পোর্টস ম্যানেজমেন্ট : মেয়াদ : ১২ মাস। শিক্ষাগত যোগ্যতা : যেকোনো শাখার উচ্চ মাধ্যমিক পাশ। (৮) সার্টিফিকেট ইন সোলার টেকনিশিয়ান : মেয়াদ : ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক পাশ। (৯) সার্টিফিকেট ইন ফ্রন্ট অফিস সুপারভিশন : মেয়াদ : ৬ মাস। শিক্ষাগত যোগ্যতা : উচ্চ মাধ্যমিক পাশ। (১০) ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন-মন্টেসরি : মেয়াদ : ১২ মাস। শিক্ষাগত যোগ্যতা : যেকোনো শাখার উচ্চ মাধ্যমিক পাশ। (১১) পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট: মেয়াদ : ১ বছর। শিক্ষাগত যোগ্যতা: যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ।

প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির অধিকর্তা প্রবীরকুমার দে জানান, বিশ্ববিদ্যালয় স্বীকৃত প্রতিটি কোর্সে কর্মসংস্থানের সুযোগ রয়েছে। সব কোর্সের সঙ্গে নিখরচায় বেসিক কম্পিউটার ট্রেনিং ও ইংলিশ ক্লাসের ব্যবস্থা রয়েছে। প্লেসমেন্টের সাহায্য করা হয়। ভরতির জন্য এখনই যোগাযোগ করতে হবে ভারত সেবাশ্রম সংঘ ক্যাম্পাসের স্টাডি সেন্টারে। এছাড়াও নীচের সব স্টাডি সেন্টারে যোগাযোগ করতে পারেন। কলকাতা : ৯০৭৩৪৫৮৮১১, ডায়মন্ড হারবার : ৮৪২০২৫৪৭২৪, রায়গঞ্জ : ৮৩৮২৮৭৮৮৫৩, বর্ধমান : ৯৬৭৯৭১১০০৭, ফারাক্কা : ৯৭৩২৫৮৩৩৫৬১, হলদিয়া : ৭৯৮০২৯৬৬৫৩, মালদহ : ৮৭৩৩১৬৬২৭৬, খাতরা, বাঁকুড়া : ৮৩৪৮২৯৭১২৯. হেল্পলাইন: ০৩৩৩৫৫০৯৯৫৬/৯৮৩০২১৬০৫৬/৯৩৩১২৫৬৯৩৪। ওয়েবসাইট– www.pimtonline.in

আকর্ষণীয় মূল্যে

সাফল্য

বেরিয়েছে

২১২ পাতার নববর্ষ সংখ্যা

ফিরে দেখা ২০১৯

এই রাজ্য, জাতীয়, আন্তর্জাতিক, অর্থনীতি, পুরস্কার, খেলা, বিজ্ঞান ও মৃত্যুর প্রতিদিনের সংগ্রহযোগ্য তথ্য সঙ্কলন — যা যে কোনো চাকরির পরীক্ষার ক্ষেত্রে খুবই উপযোগী।

এছাড়াও থাকছে এইসব চাকরির পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

- ডব্লু.বি.সি.এস প্রিলিমিনারি
- পি.এস.সি ক্লার্কশিপ
- পি.এস.সি মিসলেনিয়াস
- রেলের গ্রুপ 'ডি'
- কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল
- কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল
- ইন্ডিয়ান ইঞ্জিনিয়ারিং সার্ভিস

সঙ্গে থাকছে প্রচুর জেনারেল নলেজ ও অন্যান্য সব নিয়মিত বিভাগ

বেরোনোমাত্রই ফুরোনোর সম্ভাবনা। এখনই সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন। Help Line : 9830624170

## নার্সিং, ফিজিওথেরাপি

১ পাতার পর

বি.এসসি. কোর্সে ভরতির জন্য ২০২০ সালের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (JENPAS-UG)-এর ফর্ম দেওয়া শুরু হয়েছে। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদনের যোগ্য। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন:

**নার্সিংয়ের বি.এসসি. :** ইংরিজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ তরুণীরা মোট অন্তত ৪৫% (তপশিলী হলে ৪০%) নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে আলাদাভাবে উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করতে পারেন। ওইসব বিষয় নিয়ে ২০২০ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। সরকারি কলেজে ভরতির জন্য প্রার্থীকে বা, তাঁর পিতামাতাকে পশ্চিমবঙ্গে ১০ বছরের স্থায়ী বাসিন্দা হতে হবে। পশ্চিমবঙ্গের বাইরের প্রার্থীরা বেসরকারি নার্সিং কলেজ/ ইনস্টিটিউশনে ভরতির জন্য যোগ্য। বয়স হতে হবে ন্যূনতম ১৭ বছর। সর্বাধিক বয়সের কড়াকড়ি নেই।

**ফিজিওথেরাপির ডিগ্রি (বি.পি.টি.) :** ইংরিজি, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও অন্য কোনো ভার্নাকুলার বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয়ে আলাদাভাবে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। ওইসব বিষয় নিয়ে ২০১৯ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও যোগ্য। বয়স হতে হবে ন্যূনতম ১৭ বছর। সর্বাধিক বয়সের কড়াকড়ি নেই।

**অডিওলজি অ্যান্ড স্পীচ ল্যাঙ্গোয়েজ প্যাথলজির ডিগ্রি (বি.এ.এস.এল.পি.) :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয়ে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে।

**মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ানের ডিগ্রি (বি.এম.এল.টি.) :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয়ে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

**ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজির বি.এসসি. কোর্স :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয়ে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

**অপারেশন থিয়েটার টেকনোলজির বি.এসসি. কোর্স :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয়ে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

**পারফিউশন টেকনোলজির বি.এসসি. কোর্স :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয়ে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

**ইলেক্ট্রোফিজিওলজির বি.এসসি. কোর্স :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয়ে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

**রেডিওলজি অ্যান্ড ইমাজিং সায়েন্সের বি.এসসি. কোর্স :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয়ে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

**ডায়ালিসিসের বি.এসসি. কোর্স :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয়ে মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ৩১-১২-২০২০'এর হিসাবে। প্রার্থীকে পশ্চিমবঙ্গের ১০ বছরের বাসিন্দা হতে হবে।

প্রার্থী বাছাই হবে ২০২০ সালের 'পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স (JENPAS-UG) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড'। পরীক্ষা হবে ১০ মে, এইসব কেন্দ্রে : কলকাতা, বাঁকুড়া, আসানসোল, দুর্গাপুর, বর্ধমান, কোচবিহার, শিলিগুড়ি, শ্রীরামপুর, হাওড়া, কলকাতা সেন্ট্রাল, কলকাতা-উত্তর/সল্টলেক, কলকাতা-দক্ষিণ, মালদা, খড়গপুর, হলদিয়া, বহরমপুর, কল্যাণী। এই পরীক্ষায় থাকবে এই ২টি পেপার : (১) বায়োলজিক্যাল সায়েন্স - ১০০ নম্বর, (২) ফিজিক্স ও কেমিস্ট্রির কম্বাইন্ড পেপার-১০০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। প্রতিটি পেপারে থাকবে ৫০টি করে প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন অনলাইনে ২৩ জানুয়ারি থেকে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbjeeb.nic.in/wbjeeb.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে আর পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Online Application WBJEE - 2020-তে ক্লিক করলে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। প্রথমে Personal Details ঠিকভাবে পূরণ করবেন তারপর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও অ্যাপ্লিকেশন নম্বর পাবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে যত্ন করে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও পাবেন এই ঠিকানায় : West Bengal Joint Entrance Examination Board, AQ 13/1, Sector - V, Salt Lake City, Kolkata - 700 091. Help Line : 1800-1023-781, 18003450050.

আর্মি, নেভি, এয়ারফোর্স ও রাজ্য পুলিশ-এ মাঠ এবং লিখিত

পরীক্ষার স্পেশাল কোচিং ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমিতে। প্রতিদিন দুটি করে সপ্তাহে পাঁচদিন ক্লাস। ইংরেজি ও বাংলায় স্টাডি মেটেরিয়ালস, ক্লাসটেস্ট ও বিষয় ভিত্তিক পৃথক ক্লাসের ব্যবস্থা। বহিরাগতদের থাকা-খাওয়ার সুব্যবস্থা। মাঠ ও লিখিত পরীক্ষায় দুর্বল প্রার্থীদের যত্নসহকারে শেখানোর ব্যবস্থা। পরবর্তী ব্যাচ ১৭ ও ৩১ জানুয়ারী, ৫, ১০ ও ১৫ ফেব্রুয়ারী '২০২০। এছাড়াও ভর্তি চলছে, দিল্লি পুলিশ কনস্টেবল (পুরুষ / মহিলা), এয়ারফোর্স (X ও Y), নেভি (SSR / AA / MR), কোস্ট গার্ড। যোগাযোগ : হেড অফিস - দমদম এয়ারপোর্ট। ফোন- ৯৮৩৬৬৩৩৫৫৫ (৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-৭০০০২৮)। শিলিগুড়ি- ৭৮৯০০০১৬৭২। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫। দমদম- ৯৯০৩২২৬২১৩।

WBCS (Preli. & Main)
ছাড়াও সমস্ত কম্পিটিটিভ পরীক্ষার জন্য

- WBCS (Preli.) Guide ₹ 900/-
- WBCS Practice Set ₹ 250/-
- জেনারেল স্টাডিজ ₹ 1050/- (With Mock Test + All kinds of competitive exam question solve)
- জেনারেল নলেজ এনসাইক্লোপিডিয়া ₹ 400/-
- জেনারেল নলেজ (MCQ 15000) ₹ 375/-
- সাধারণ বিজ্ঞান ₹ 300/- (জীববিদ্যা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, পরিবেশবিদ্যা)
- ভারতীয় সংবিধান ও অর্থনীতি ₹ 260/-
- ভারতের ইতিহাস, স্বাধীনতা সংগ্রাম ও জাতীয় আন্দোলন ₹ 260/-
- ভারত, পশ্চিমবঙ্গ প্রাকৃতিক ও আঞ্চলিক ভূগোল ₹ 260/-
- কম্পিটিটিভ ম্যাথেমেটিক্স ₹ 320/- (Solve With Shortcut Method)
- জি.আই ও রিজনিং Verbal & Non-Verbal ₹ 260/-

তপতী® পাবলিশার্স

MSME

MSME-TECHNOLOGY DEVELOPMENT CENTRE (PPDC), MEERUT
Ministry of MSME ( Govt. of India )Sports Goods Complex, Delhi Road, Meerut- 250002

ADMISSION NOTICE

Application are invited from intending candidates in the prescribed form for admission to the following courses.

Industry Relevant Professional & JOB Oriented Courses On FIRE & SAFETY MANAGEMENT (in Association with MNG Academy)

| Course | Duration | Eligibility |
|---|---|---|
| Diploma in Fire Technology & Safety Management | 1 Year | 10+2 |
| Diploma in Industrial Safety | 1 Year | 10+2 |
| PG Diploma in Fire Safety Management | 1 Year | Graduation |

Courses Highlight (Limited Seats)
❖ On Job Practical Training ❖ Affordable Course fees
❖ Placement Assistance ❖ AC Classroom ❖ Easy Instalment Facility

Admission going on
mng
Admission at : MNG ACADEMY
9/5 Feeder Road, Belghoria, Rathtala, Kolkata - 700056
Tel : +91- 033 - 2544 3365 / Web : www.mngacademy.in

Training Venue:
Belghoria - 7980191435, Burdwan - 8240995219
Golpark - 6290508669

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

KARMASANGSTHAAN ■ Vol. 33 ■ Issue No. 4 ■ 25 January, 2020 ■ 7

## ন্যাবার্ড ব্যাঙ্কে ১৫০

১ পাতার পর ☞

হলে ৪৫%) নম্বর পেয়ে অ্যাগ্রিকালচার বা, অ্যাগ্রিকালচার (সয়েল সায়েন্স /অ্যাগ্রোনমি)'এর ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট রা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**ফুড / ডেয়ারি প্রসেসিং** : মোট অন্তত ৫০% (তপশিলী বা, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে ফুড প্রসেসিং, ফুড টেকনোলজি, ডেয়ারি সায়েন্স, ডেয়ারি টেকনোলজির ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**ল্যান্ড ডেভেলপমেন্ট - সয়েল সায়েন্স** : অ্যাগ্রিকালচার / অ্যাগ্রিকালচার (সয়েল সায়েন্স বা, অ্যাগ্রোনমি)-এর গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% (তপশিলী বা, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং / সায়েন্স** : মোট অন্তত ৫০% (তপশিলী বা, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে এনভায়রনমেন্টাল সায়েন্স বা, এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**অ্যাগ্রিকালচারাল মার্কেটিং / অ্যাগ্রি বিজনেস ম্যানেজমেন্ট** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**জিও-ইনফরমেটিক্স** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে জিও-ইনফরমেটিক্সের ডিগ্রি (বি.ই., বি.টেক., বি.এসসি. -ডিগ্রি) কিংবা পোস্ট-গ্র্যাজুয়েট (এম.ই./এম.টেক. /এম.এসসি. ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**অ্যাগ্রিকালচারাল ইকনমিক্স / ইকনমিক্স** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে ইকনমিক্স বা, অ্যাগ্রিকালচার ইকনমিক্সের ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট রা আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ১)।

**ইনফর্মেশন টেকনোলজি** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশন বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৩)।

**চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট** : ডিগ্রি কোর্স পাশরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**কোম্পানি সেক্রেটারি** : ডিগ্রি কোর্স পাশরা কোম্পানি সেক্রেটারিশিপ কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**ফিনান্স** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে বি.বি.এ. (ফিনান্স /ব্যাঙ্কিং), বি.এম.এস. (ফিনান্স /ব্যাঙ্কিং) কোর্স পাশরা যোগ্য। মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে ম্যানেজমেন্ট (ফিনান্স)'এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা, এম.বি.এ. ফিনান্স কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৬)।

**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট** : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে বি.বি.এ. (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট), বি.বি.এম. (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট) কোর্স পাশরা যোগ্য। মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট কিংবা হিউম্যান রিসোর্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে কিংবা এম.বি.এ. (এইচ.আর.এম./এইচ.আর.) কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)।

**স্ট্যাটিস্টিক্স** : মোট অন্তত ৫০% (প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে স্ট্যাটিস্টিক্সের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯০ থেকে ১-১-১৯৯৯'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি.'রা ১৩, তপশিলীরা ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৮,১৫০-৫৫,৬০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৬২,৬০০ টাকা। শুরুতে ২ বছরের প্রবেশন। তবে আরো ১ বছর প্রবেশনে থাকতে হবে। চাকরি হবে 'এ' গ্রেডে, ভারতের যে কোনো জায়গায়।

প্রার্থী বাছাই হবে প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ২৫ ফেব্রুয়ারি। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, গ্যাংটক, ভুবনেশ্বর, গুয়াহাটি, পটনা, রাঁচী, আগরতলা ও শিলংয়ে। ২ ঘন্টার ২০০ নম্বরের পরীক্ষা। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এই ৭ বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস- ২০ নম্বর। (২) টেস্ট অফ রিজনিং- ২০ নম্বর। (৩) টেস্ট অফ ইংলিশ- ৪০ নম্বর। (৪) কম্পিউটার নলেজ- ২০ নম্বর। (৫) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ২০ নম্বর। (৬) ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যু - ৪০ নম্বর, (৭) অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট - ৪০ নম্বর।

প্রিলিমিনারি পরীক্ষায় সফলদের তালিকায় যাঁদের নাম থাকবে, তাঁরাই 'মেন' পরীক্ষা দিতে পারবেন। মেন পরীক্ষা হবে কলকাতা, রাঁচী, শিলং, গুয়াহাটি, ভুবনেশ্বরে। এই পরীক্ষায় থাকবে দু'টি পেপার। প্রথম পেপারে জেনারেল ইংলিশের ডেসক্রিপ্টিভ টাইপের দেড় ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষা হবে। দ্বিতীয় পেপারে অবজেক্টিভ টাইপের দেড় ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই সব বিষয় : (ক) ইকনমিক অ্যান্ড সোশ্যাল ইস্যু আর অ্যাগ্রিকালচার ও রুরাল ডেভেলপমেন্ট, (খ) সংশ্লিষ্ট বিষয়ের প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে এক নম্বর কাটা হবে। এরপর হবে ২৫ নম্বরের ইন্টারভিউ।

লিখিত পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস অ্যাডমিট কার্ডের সঙ্গেই দেওয়া হবে। অ্যাডমিট কার্ড অনলাইনেই পাবেন। এছাড়াও বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.nabard.org তপশিলী প্রার্থীদের বিনা খরচে প্রি-এক্সামিনেশন ট্রেনিং দেওয়া হবে কলকাতা, গুয়াহাটি, রাঁচী, পটনা ও শিলংয়ে। লিখিত পরীক্ষার কল লেটার একমাত্র ই-মেলে পাঠানো হবে। ডাকযোগে কোনো কল লেটার পাঠানো হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nabard.org অনলাইনে দরখাস্ত করার আগে একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ৮০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৫০) টাকা জমা দিতে হবে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। সবশেষে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## ১৮৮ ম্যানেজমেন্ট ট্রেনি

১ পাতার পর ☞

প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৭৭টি (জেনাঃ ২৮, ও.বি.সি. ৩১, তঃজাঃ ৮, ই.ডব্লু.এস. ১০)।

**মেটালার্জি** : মেটালার্জি, মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল সায়েন্স, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২)।

**সেরামিক্স** : সেরামিক, রি-ফ্যাক্টরি ইঞ্জিনিয়ারিং বা, সেরামিক টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ২, ও.বি.সি.১, তঃজাঃ ১)।

**কেমিক্যাল** : কেমিক্যাল, কেমিক্যাল টেকনোলজি, কেমিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, পলিমার সায়েন্স ও কেমিক্যাল টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২৬টি (জেনাঃ১০, ও.বি.সি.৯, তঃজাঃ৪, ই.ডব্লু.এস. ৩)।

**সিভিল** : সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, সিভিল টেকনোলজি অ্যান্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, এনভায়রনমেন্টাল বা, জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স** : ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড সিগন্যাল প্রসেস, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, টেলিকম সিস্টেম, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ :১০টি (জেনাঃ৪, ও.বি.সি.৪, তঃজাঃ১, ই.ডব্লু.এস. ১)।

**মাইনিং** : মাইনিং, মিনারেল ইঞ্জিনিয়ারিং, মাইনিং মেশিনারি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

সব ক্ষেত্রে মোট অন্তত ৬০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-১-১৯৯৩ বা, তারপর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে ১ বছরের প্রবেশন। মূল মাইনে : ২০,৬০০-৪৬,৫০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৪,৯০০-৫০,৫০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2020.

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। এরপর হবে ইন্টারভিউ। অনলাইন টেস্টে ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, নিউমেরিক্যাল এবিলিটি /অ্যাপ্টিটিউট, জেনারেল ইংলিশ, ডাটা ইন্টারপ্রিটেশন, ভার্বাল ও নন-ভার্বাল রিজনিং। পরীক্ষা হবে কলকাতা, রাঁচী, পটনা, ভুবনেশ্বরে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.vizagsteel.com অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে আর পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্মাটে স্ক্যান করে নিয়ে রাখবেন। ফটো ও সিগনেচারের মাপ হতে হবে ৬০ কে.বি. (প্রতিটি ৩০ কে.বি.)'র মধ্যে। ফটোর মাপ ১৫০×২০০ পিক্সেল আর সিগনেচার ১৫০×৫০ পিক্সেলে হতে হবে। এছাড়াও জেনারেল আর ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা পরীক্ষা ফী বাবদ ৫৯০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ২৯৫) টাকা অনলাইনে জমা দেবেন ১৪ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
ভর্তির বিজ্ঞপ্তি জানুয়ারি ২০২০
১। ২ বছর অ্যাডভান্সড ডিপ্লোমা ইন টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং (এই কোর্স পাশ করে স্কুল সার্ভিস কমিশন (SSC)তে কর্মশিক্ষা বিষয়ে আবেদন করা যায়)।
২। ডিপ্লোমা ইন যোগ এডুকেশন।
৩। ডিপ্লোমা ইন ন্যাচারোপ্যাথি।
শান্তিশ্রী মিশন (৮-10), ময়ূরবিহার, পলাশী, নদীয়া
9733638357, 9800202184

West Bengal State University অনুমোদিত
শিবানন্দ হেলথ সোসাইটির তত্ত্বাবধানে PHYSIOTHERAPY COURSE (6 Months)-এ
ভর্তি চলছে January 2020
সরোজিনী নাইডু কলেজ
(শুধুমাত্র মহিলাদের জন্য)।
9239300520, 7003924841

SIPTO
SUSRIJO INSTITUTE OF PARAMEDICAL TECHNOLOGY AND OPTOMETRY



কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত
একটি বিশ্বমানের প্যারামেডিক্যাল কলেজ
This institute offers Allied and Healthcare Professional Courses on Paramedcial Technology and Optometry
ভর্তি চলছে। আসন সংখ্যা সীমিত।
• ব্যাঙ্ক লোনের সুবিধা আছে।
• কোর্স ফী মাসিক কিস্তিতে দেওয়া যাবে।
• দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য হোস্টেলের সুবিধা আছে।

Professional Courses (For Class 10+2)

| | |
|---|---|
| Diploma in Optometry Science (DOS) | 2 Yrs. & 6 Months Internship |
| Diploma in Medcial Laboratory Technique (DMLT) | 2 Yrs & 6 Months Internship |
| Diploma in Medical Radiology Technique (DMRT) | 2 Yrs. & 6 Months Internship |
| Diploma in Physiotherapy Technique (DPT) | 2 Yrs. & 6 Months Internship |
| Diploma in Electroencephalography Technique (DEEGT) | 1 Yr. |
| Diploma in Electrocardiography Technique (DECGT) | 1 Yr. |
| Diploma in Contact Lens Practice (DCLP) | 1 Yr. |
| Certificate in Dental Technique (CDT) | 1 Yr. |

Vocational Courses (For Class 10)

| | |
|---|---|
| Certificate in Basic Practical Nursing (CBPN) | 1 Yr. & 6 months Internship |
| Certificate in Community Health Service (CCHS) | 6 Months |
| Certificate in Sanitary Inspector (CSI) | 6 Months |
| Pre-Optometry and Pre-Technology Bridge Course (For Arts / Commerce Students Only) | 6 Months |

প্রতিটি কোর্সই ১০০ শতাংশ চাকরিমুখী কোর্স। এইসব কোর্স দেশ ও বিদেশের সরকারি-বেসরকারি দপ্তরের স্বাস্থ্য পরিষেবায় প্রচুর চাহিদা আছে।
উচ্চমাধ্যমিকের নম্বরের ভিত্তিতে স্কলারশিপের ব্যবস্থা আছে
Placement Assistance
Job Oriented Courses



Address : Webel IT Park
IT & E Department
Government of West Bengal
Krishnagar, Nadia - 741101, W.B.
কৃষ্ণনগর হর্টিকালচার অফিসের সামনে। কোম্পানি বাগানের নিকট।
Ph. : 7602656588, 8927681939
আমাদের লক্ষ্য প্রতিটি ছাত্রছাত্রীর সুনিশ্চিত ভবিষ্যৎ
Email : sipto19@gmail.com Website : www.sipto.org

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পদের প্রিলিমিনারি পরীক্ষা হবে ৯ ফেব্রুয়ারি। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে এরপর হবে মেইন পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষায় প্রতি বছরই কাট অফ নম্বর এক থাকে না। কাট-অফ নম্বর কত হতে পারে তা জানা থাকলে 'মেন' পরীক্ষার প্রস্তুতি নিতে সহজ হয়। প্রিলিমিনারি পরীক্ষায় মোট ২০০টি প্রশ্নের মধ্যে ক'টি প্রশ্নের উত্তর ঠিক করেছেন, তা ঘরে বসেই ঠিক করতে পারলে কাট-অফ নম্বর নিয়ে একটা ধারণা করতে পারবেন। প্রথম পার্টের ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **নুরুল ইসলাম।**

1. 'মহাড় আন্দোলন' কে শুরু করেছিলেন?
(a) জ্যোতিবা ফুলে (b) নারায়ণ গুরু (c) আত্মারাম পাণ্ডুরঙ্গ (d) ভীমরাও রামজি আম্বেদকর

2. বিজয়নগর সাম্রাজ্যের শ্রেষ্ঠ শাসক কে ছিলেন?
(a) প্রথম দেবরায় (b) দ্বিতীয় দেবরায় (c) বিরুপক্ষ (d) কৃষ্ণ দেবরায়

3. ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে Traffic in human beings and begar-এর ওপর প্রতিবন্ধ লাগানো আছে?
(a) 21 (b) 23 (c) 24 (d) 25

4. 'ইনকিলাব জিন্দাবাদ' স্লোগান কে দিয়েছিলেন?
(a) চন্দ্রশেখর আজাদ (b) সুভাষচন্দ্র বসু (c) ভগৎ সিং (d) ক্ষুদিরাম বসু

5. শেষ মৌর্য সম্রাট কে ছিলেন?
(a) উদয়ীন (b) দশরথ (c) কুণাল (d) বৃহদ্রথ

6. রাষ্ট্রপতি কার পরামর্শে লোকসভাকে খারিজ করতে পারেন?
(a) প্রধানমন্ত্রী (b) ভারতের মুখ্য বিচারপতি (c) লোকসভা (d) রাজ্যসভা

7. কে সর্বোদয় বিপ্লবের সঙ্গে জড়িত ছিলেন?
(a) রামমোহন লোহিয়া (b) রাজেন্দ্র প্রসাদ (c) বিনোবা ভাবে (d) ভুলাভাই দেশাই

8. তৃতীয় বৌদ্ধ সম্মেলন কোথায় হয়েছিল?
(a) পাটলিপুত্র (b) কাশ্মীর (c) কনৌজ (d) এলাহবাদ

9. 'মত্তবিলাস প্রহসন'এর রচয়িতা কে?
(a) প্রথম মহেন্দ্রবর্মন (b) প্রথম নরসিংহবর্মন (c) দ্বিতীয় নরসিংহবর্মন (d) সিংহবিষ্ণু

10. কৃষ্ণদেব রায় নীচের কোন বংশে জন্ম নেন?
(a) সঙ্গম (b) সালুভ (c) তুলুভ (d) আরাবিদু

11. 'ভারত ছাড়ো আন্দোলন'এর সময় মোহনদাস করমচাঁদ গান্ধীকে কোথায় আটক করে রাখা হয়েছিল?
(a) সবরমতী আশ্রম (b) সেবাগ্রাম (c) আগা খান প্রাসাদ (d) যমুনালাল বাজারের বাড়িতে

12. কদম্ব রাজাদের রাজধানী কোনটি ছিল?
(a) বানভাসী (b) বাদামী (c) মালাবার (d) ভেঙ্গি

13. হাই কোর্টের মুখ্য বিচারপতি কার মাধ্যমে নিযুক্ত হন?
(a) রাজ্য সরকার (b) রাষ্ট্রপতি (c) সেই রাজ্যের রাজ্যপাল (d) ভারতের মুখ্য বিচারপতি

14. মোহনদাস করমচাঁদ গান্ধী কত সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি নির্বাচিত হয়েছিলেন?
(a) 1921 (b) 1924 (c) 1926 (d) 1930

15. ভারত সরকারের কেন্দ্রীয় মন্ত্রিসভা কার কাছে দায়ী থাকে?
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) সংসদ (d) উপরাষ্ট্রপতি

16. কোন রাজ্য জয়ের স্মারক হিসাবে সম্রাট আকবর 'বুলন্দ দরওয়াজা' তৈরি করিয়েছিলেন?
(a) কাশ্মীর (b) গুজরাত (c) বাংলা (d) বিহার

17. 'জয় জওয়ান জয় কিষাণ' উক্তিটি কার?
(a) জওহরলাল নেহরু (b) লাল বাহাদুর শাস্ত্রী (c) ইন্দিরা গান্ধী (d) মোরারজী দেশাই

18. নীচের কে 'ভক্তি আন্দোলন'এর সঙ্গে যুক্ত নন?
(a) রামানন্দ (b) কবীর (c) শঙ্করাচার্য (d) ওপরের কেউ নন

19. মোরারজী দেশাই যখন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন, তখন রাষ্ট্রপতি কে ছিলেন?
(a) নীলম সঞ্জীব রেড্ডি (b) জ্ঞানী জৈন সিং (c) রামস্বামী ভেঙ্কটরমন (d) ড. শঙ্করদয়াল শর্মা

20. ভারতে কবে 'জাতীয় সংহতি পরিষদ' গঠন করা হয়েছিল?
(a) 1986 (b) 1988 (c) 2000 (d) 1990

21. 1955 খ্রিস্টাব্দে সরকারি ভাষা কমিশন কার নেতৃত্বে গঠিত হয়?
(a) বি.ভি.জাভি (b) বালাসাহেব গঙ্গাধর খের (c) এম.কে.রামস্বামী (d) বি.ভি.নিয়োগী

22. কোন সংবিধান সংশোধনের মাধ্যমে উপরাষ্ট্রপতির নির্বাচন পদ্ধতিকে বাতিল করা হয়?
(a) 11 তম সংবিধান সংশোধন 1961 (b) 17 তম সংবিধান সংশোধন 1961 (c) 36 তম সংবিধান সংশোধন 1975 (d) 42 তম সংবিধান সংশোধন 1976

23. 'অর্পিত ক্ষমতা প্রসূত আইন' কে প্রণয়ন করে থাকে?
(a) দেশের আইন বিভাগ (b) দেশের বিচার বিভাগ (c) দেশের শাসন বিভাগ (d) দেশের প্রতিরক্ষা বিভাগ

24. উপরাষ্ট্রপতিকে পদচ্যুত করার আগে কতদিনের নোটিশ দিতে হয়?
(a) 12 (b) 14 (c) 15 (d) 18

25. লোকসভায় অর্থবিল উত্থাপনের আগে কার অনুমতির দরকার হয়?
(a) অধ্যক্ষ (b) রাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) অর্থমন্ত্রী

26. কোন অধিকারটি অন্যান্য মৌলিক অধিকারগুলিকে রক্ষা করে থাকে?
(a) সাম্যের অধিকার (b) শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার (c) স্বাধীনতার অধিকার (d) কোনোটিই নয়

27. 'রাধাকৃষ্ণণ কমিশন' কেন গঠিত হয়েছিল?
(a) বিশ্ববিদ্যালয় শিক্ষা (b) মাধ্যমিক শিক্ষা (c) প্রাথমিক শিক্ষা (d) বয়স্ক শিক্ষা

28. 'দলত্যাগ বিরোধী বিল' ভারতে কত খ্রিস্টাব্দে পাস হয়?
(a) 1985 (b) 1997 (c) 1999 (d) 2000

29. রাজ্য বিধানসভার অধ্যক্ষের কার্যকালের মেয়াদ কত বছর?
(a) 6 (b) 5 (c) 2 (d) 1

30. 'পাক-ই-স্তান' নামটি কে উদ্ভাবন করেছিলেন?
(a) মহম্মদ আলি জিন্না (b) লিয়াকৎ আলি (c) চৌধুরি রহমৎ আলি (d) মহম্মদ ইকবাল

31. বরদোলিতে 'সত্যাগ্রহ আন্দোলন' কে শুরু করেন?
(a) সর্দার বল্লভভাই প্যাটেল (b) মোহনদাস করমচাঁদ গান্ধী (c) বালগঙ্গাধর তিলক (d) জওহরলাল নেহরু

32. 'England's debt of India' বইটির লেখক কে?
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) জওহরলাল নেহরু (c) লালা লাজপত রাই (d) গোপাল কৃষ্ণ গোখলে

33. 'ভারতীয় কমিউনিস্ট পার্টি' কোথায় প্রতিষ্ঠিত হয়?
(a) কলকাতা (b) ত্রিবান্দ্রম (c) কানপুর (d) মুম্বই

34. 'হান্টার কমিশন' কে গঠন করেন?
(a) লর্ড রিপন (b) লর্ড মেয়ো (c) লর্ড কার্জন (d) লর্ড অকল্যান্ড

35. প্রথম ভারতীয় আই.সি.এস কে?
(a) সুভাষচন্দ্র বসু (b) অরবিন্দ ঘোষ (c) বিপিনচন্দ্র পাল (d) সত্যেন্দ্রনাথ ঠাকুর

36. বিদ্যাধর মহাপাত্র কোন বিদ্রোহের নেতা ছিলেন?
(a) পাইক বিদ্রোহ (b) সন্ন্যাসী বিদ্রোহ (c) সন্দীপ বিদ্রোহ (d) চুয়ার বিদ্রোহ

37. কত সালে স্বাধীন ভারতে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়?
(a) 1947 (b) 1948 (c) 1950 (d) 1952

38. 'হরিজন' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) ড. ভীমরাও রামজি আম্বেদকর (b) মোহনদাস করমচাঁদ গান্ধী (c) শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় (d) সর্দার বল্লভভাই প্যাটেল

39. গুপ্ত রাজাদের সময় দক্ষিণে কারা রাজত্ব করতেন?
(a) সাতবাহন (b) বাকাটক (c) রাষ্ট্রকূট (d) চোল

40. নীচের কোন জোড়াটি সঠিক নয়?
(a) মহম্মদ জায়সী — পদ্মাবতী (b) আবুল ফজল — বাবরনামা (c) কলহন — রাজতরঙ্গিনী (d) আব্দুল হামিদ — বাদশাহনামা

41. আকবরের সমাধি কোথায় আছে?
(a) সেকেন্দরাবাদ (b) ফতেপুর সিক্রি (c) দিল্লি (d) আজমের

42. বিজয়নগর কোন নদীর তীরে অবস্থিত?
(a) তুঙ্গভদ্রা (b) নর্মদা (c) কৃষ্ণা (d) কাবেরী

43. বৌদ্ধ সাহিত্যে জীবক কে ছিলেন?
(a) রাজা (b) বণিক (c) বোধিসত্ত্ব (d) চিকিৎসক

44. সন্ধ্যাকর নন্দী কোন রাজবংশের সভাকবি ছিলেন?
(a) রাষ্ট্রকূট (b) সেন (c) পাল (d) প্রতিহার

45. 'আঙ্করভাট মন্দির' কে তৈরি করেছিলেন?
(a) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (b) অজাতশত্রু (c) সূর্যবর্মন (d) কণিষ্ক

46. আকবরের আমলে 'জাবত' ভূমিরাজস্ব প্রথা কে প্রবর্তন করেন?
(a) রাজা বিহারীমল (b) রাজা ভগবানদাস (c) রাজা মানসিংহ (d) রাজা টোডরমল

47. ঋগ্বেদে গায়ত্রী মন্ত্র কার উদ্দেশ্যে রচিত হয়েছিল?
(a) ইন্দ্র (b) অগ্নি (c) সাবিত্রী (d) উষা

48. দিল্লির প্রাচীন নাম কী ছিল?
(a) ইন্দ্রপ্রস্থ (b) হস্তিনাপুর (c) অযোধ্যা (d) উজ্জয়িনী

49. ২০১৯ সালে অর্থনীতিতে নোবেল প্রাপক অভিজিত ব্যানার্জির অর্থনীতির বিষয়বস্তু ছিল —
(a) বিশ্বব্যাপী দারিদ্র্য দূরীকরণে পরীক্ষামূলক পন্থা (b) দীর্ঘমেয়াদী সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণে জলবায়ু পরিবর্তনকে সংহত করার পদ্ধতি (c) আচরণগত অর্থনীতির বিশ্লেষণ (d) মানব উন্নয়ন অর্থনীতি

50. ভারতে মুসলিম স্থাপত্যের উৎস কোথায়?
(a) মেসোপটেমিয়া (b) পারস্য (c) আফগান-ই-স্তান (d) মিশর

51. ভারতের সর্বাপেক্ষা প্রসিদ্ধ ইন্দোগ্রিক শাসক কে ছিলেন?
(a) ডিমিট্রিয়াস (b) প্রথম অ্যান্টিওকাস (c) মিনান্দার (d) কেউই নন

52. কে 'দু আসপা শি আসপা' ব্যবস্থা চালু করেছিলেন?
(a) শাহজাহান (b) আকবর (c) জাহাঙ্গীর (d) ঔরঙ্গজেব

53. মোগল সাম্রাজ্যের সরকারি ভাষা কী ছিল?
(a) উর্দু (b) ফারসি (c) ফারসি ও আঞ্চলিক ভাষা (d) তুর্কি

54. কে 'বারভাইস সভা' সংগঠিত করেছিলেন?
(a) মাধব রাও নারায়ণ (b) দ্বিতীয় বাজিরাও (c) মহাদজী সিন্ধিয়া (d) নানা ফড়নবিশ

55. মোহনদাস করমচাঁদ গান্ধীকে কবে হত্যা করা হয়?
(a) 1948 সালের 31 জানুয়ারি (b) 1948 সালের 30 জানুয়ারি (c) 1949 সালের 31 জানুয়ারি (d) 1949 সালের 30 জানুয়ারি

56. কলকাতা কর্পোরেশনের প্রথম ভারতীয় মেয়র কে ছিলেন?
(a) সুভাষচন্দ্র বসু (b) আশুতোষ মুখোপাধ্যায় (c) চিত্তরঞ্জন দাশ (d) রাসবিহারী বসু

57. মহাবীর কোন ভাষায় ধর্মপ্রচার করতেন?
(a) পালি (b) সংস্কৃত (c) মাগধী (d) হিন্দি

58. 'পবনদূত' গ্রন্থের রচয়িতা কে?
(a) জয়দেব (b) গোবর্ধন (c) ধোয়ী (d) বল্লাল সেন

59. কতজন মন্ত্রী শিবাজীকে রাজকার্যে সরাসরি সহায়তা করতেন?
(a) 1 (b) 5 (c) 8 (d) 10

60. কার নির্দেশ অনুযায়ী উপনিষদকে ফারসি ভাষায় অনুবাদ করা হয়েছিল?

এরপর ৮ পাতায়

টেকনিক্যাল স্টাডি সেন্টার
সরকারি চাকরীর বিশ্বস্ত টেকনিক্যাল কোচিং
ITI, DIPLOMA, B.TECH যোগ্যতায়।
RAIL, DRDO, SAIL, ISRO, NPCIL, JE, WBPDCL, IOCL, NTPC
CBT-1, CBT-2
সিলেবাস অনুযায়ী পড়ানো হয়
TECHNICAL STUDY CENTER
যোগাযোগ : 8820693885
হাওড়া বালি স্টেশনের কাছে

চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব??

• চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।
• প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।
• এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।
• এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।
• একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।





আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

৬ পাতার পর

(a) আকবর (b) জাহাঙ্গীর (c) দারাশিকো (d) আবুল ফজল

61. কোন সুলতান সিয়াসাত নিষিদ্ধ করেন?
(a) ফিরোজ শাহ তুঘলক (b) ইলতুৎমিস (c) মহম্মদ বিন তুঘলক (d) আলা-উদ-দ্বীন খলজি

62. কোন সুলতান পার্সিয়ান উৎসব 'নওরোজ' পালন বন্ধ করেন?
(a) বলবন (b) কুতুব-উদ-দ্বীন (c) আলা-উদ-দ্বীন খলজি (d) ঔরঙ্গজেব

63. কোন ইউরোপীয় ভারতে সাম্রাজ্য স্থাপনের প্রথম স্বপ্ন দেখেন?
(a) ফ্রান্সিস ডুপ্লে (b) রবার্ট ক্লাইভ (c) কাউন্ট দ লালী (d) ভাস্কো দা গামা

64. কে সর্বপ্রথম বয়কটের আহ্বান জানান?
(a) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (b) মোহনদাস করমচাঁদ গান্ধী (c) কৃষ্ণকুমার মিত্র (d) রামমোহন রায়

65. 'বুড়িবালামের যুদ্ধ'এ কোন বিপ্লবী প্রাণ দিয়েছিলেন?
(a) বাঘাযতীন (b) বিনয় বসু (c) বাদল গুপ্ত (d) রাজগুরু

66. 'Mother India' বইটির রচয়িতা কে?
(a) ক্যাথেরিন মেয়ো (b) সরোজিনী নাইডু (c) অ্যানি বেসান্ত (d) অরবিন্দ ঘোষ

67. 'প্রার্থনা সমাজ' কোথায় স্থাপিত হয়?
(a) কলকাতা (b) চুঁচুড়া (c) বোম্বাই (d) অমৃতসর

68. মুসলিম লিগের প্রথম বার্ষিক অধিবেশন কোথায় হয়?
(a) করাচি (b) লাহোর (c) ঢাকা (d) মুম্বই

69. কুখ্যাত পুলিশ কমিশনার টেগার্টকে হত্যা করতে গিয়ে কোন বিপ্লবী নিহত হন?
(a) গণেশ ঘোষ (b) অনন্ত সিং (c) অনুজা সেন (d) রাজগুরু

70. 'No appeal, No Debate' স্লোগানটি কোন আইনের বিরুদ্ধে উচ্চারিত হয়?
(a) রাওলাট আইন (b) মন্টেগু চেমসফোর্ড সংস্কার বিল (c) মর্লে মিন্টো সংস্কার বিল (d) ইলবার্ট বিল

71. অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী ওয়াই. এস. জগমোহন রেড্ডি কোন রাজনৈতিক দলের সদস্য?
(a) তেলুগু দেশম (b) যুব শ্রমিক কৃষক কংগ্রেস পার্টি (c) তেলেঙ্গানা রাষ্ট্রীয় সমিতি (d) ভারতীয় জনতা পার্টি

72. পৃথিবীর বৃহত্তম গম্বুজ 'সোনী কালভোর' ভারতের কোন শহরে অবস্থিত?
(a) এলাহাবাদ (b) নয়াদিল্লি (c) পুণে (d) হায়দরাবাদ

73. 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি খড়গপুর' কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1949 (b) 1951 (c) 1954 (d) 1955

74. 'Mars Rover 2020' কী?
(a) নাসার পাঠানো মঙ্গলযান, যা মঙ্গলগ্রহের মাটি ও ভূতাত্ত্বিক প্রক্রিয়া অনুসন্ধানের জন্য ব্যবহৃত হয় (b) ইসরোর পরিকল্পিত মঙ্গলযান, যা মঙ্গলগ্রহে জলবায়ু ও আবহাওয়া অনুসন্ধানের জন্য ব্যবহৃত হবে (c) নতুন আবিষ্কৃত মঙ্গল গ্রহের উপগ্রহ (d) এটি একটি অত্যাধুনিক উপগ্রহ

75. নবগঠিত রাজ্য লাদাখ কোন 2টি জেলা নিয়ে গঠিত?
(a) উধমপুর - লে (b) লে - কারগিল (c) কুলগ্রাম - কারগিল (d) পুলওয়ামা - সোপিয়ান

76. 'মহারাজা ফতেহ সিং মিউজিয়াম' ভারতের কোন শহরে অবস্থিত?
(a) বেঙ্গালউরু (b) ভাদোদরা (c) চণ্ডীগড় (d) চেন্নাই

77. 2019 সালে কাকে মলদ্বীপের সর্বোচ্চ সম্মান 'নিসান ইজ্জুডিন' দেওয়া হয়েছে?
(a) রামনাথ কোবিন্দ (b) মনমোহন সিং (c) নরেন্দ্র দামোদরদাস মোদী (d) সোনিয়া গান্ধী

78. 'The Wind on Haunted Hill' বইটির লেখক কে?
(a) অরুন্ধতী রায় (b) রাসকিন বন্ড (c) বিক্রম শেঠ (d) ঝুম্পা লাহিড়ী

79. 'NATMO'এর পুরো কথাটি কী?
(a) National Atlas and Thematic Mapping Organisation (b) National Association and Thematic Mapping Organisation (c) National Association and Thermal Mapping Organisation (d) ওপরের কোনোটিই নয়

80. মহম্মদ সাতাহে কোন দেশের প্রধানমন্ত্রী?
(a) মালয়েশিয়া (b) মলদ্বীপ (c) প্যালেস্তাইন (d) সিঙ্গাপুর

81. 'অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল'এর প্রতিষ্ঠাতা কে?
(a) পল মুলার (b) পিটার বেনেনসন (c) জেমস সিম্পসন (d) হ্যানসেন

82. 'জতুগৃহ' চিত্রটি কোন চিত্রশিল্পীর সৃষ্টি?
(a) যামিনী রায় (b) নন্দলাল বসু (c) অবনীন্দ্রনাথ ঠাকুর (d) যামিনী প্রসাদ গঙ্গোপাধ্যায়

83. 'মার্ডে' কী?
(a) 50 শতাংশের বেশি প্রতিবন্ধকতা আছে এমন ব্যক্তিদের মাসে 1,000 টাকা অনুদান (b) লোক সংস্কৃতি শিল্পীদের 1,000 টাকা অনুদান (c) স্কুলছুট ছাত্রছাত্রীদের বৃত্তিমূলক বিনামূল্যে প্রশিক্ষণ (d) তথ্য ও সংস্কৃতি বিভাগের আওতায় স্বীকৃত সাংবাদিকদের স্বাস্থ্য ও বিমা পলিসি

84. 'ভাট' কোন দেশের মুদ্রা?
(a) তাইল্যান্ড (b) নেপাল (c) সিঙ্গাপুর (d) মলদ্বীপ

85. 'কলের যাত্রা' নাটকটি রবীন্দ্রনাথ ঠাকুর কাকে উৎসর্গ করেছিলেন?
(a) নেতাজী সুভাষচন্দ্র বসু (b) রাসবিহারী বসু (c) চিত্তরঞ্জন দাশ (d) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

86. স্পেনীয় এন.জি.ও সংস্থা 'প্রোঅ্যাক্টিভ ওপন আর্মস' মূলত কোন কাজের জন্য সুখ্যাতি লাভ করে?
(a) উদ্বাস্তু পুনরুজ্জীবিকরণ (b) জল ও স্থলে উদ্ধারকাজ (c) দারিদ্র দূরীকরণে বিশেষ ভূমিকা গ্রহণ (d) আইনি সহায়তা প্রদান

87. 'বাঞ্ছারামের বাগান' চলচ্চিত্রটির পরিচালক কে?
(a) ঋতুপর্ণ ঘোষ (b) মনোজ মিত্র (c) ঋত্বিক ঘটক (d) তপন সিংহ

88. ফ্রান্সের লিওনে ইন্টারপোলের সদর দফতর কত সালে গঠিত হয়?
(a) 1920 (b) 1923 (c) 1925 (d) 1927

89. 'জাতীয় ক্রেতা সুরক্ষা দিবস' কবে পালিত হয়?
(a) 24 অক্টোবর (b) 24 নভেম্বর (c) 24 ডিসেম্বর (d) 24 আগস্ট

90. 'UPI' কোন দেশের বিখ্যাত সংবাদ সংস্থা?
(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) ইংল্যান্ড (c) জাপান (d) মিশর

91. বাদল সরকার পরিচালিত নাট্যদলটির নাম কী?
(a) নান্দীকর (b) সুন্দরম (c) শতাব্দী (d) পঞ্চম বৈদিক

92. যুবিন মেহতা কোন বাদ্যযন্ত্রের জন্য বিখ্যাত ছিলেন?
(a) পিয়ানো (b) বীণা (c) সিম্ফোনি (d) সেতার

93. লরেন কির্ষ ও জন কৌম নীচের কোন পোর্টালটির নির্মাতা?
(a) ই-সেল (b) হোয়াটসঅ্যাপ (c) ইউটিউব (d) টুইটার

94. 'Celestial Bodies' কার লেখা?
(a) অরুন্ধতী রায় (b) জোখা আলহার্থি (c) এইচ.জি.ওয়েলস (d) হ্যারল্ড পিন্টার

95. 'প্রবাসী ভারতীয় দিবস' কবে পালিত হয়?
(a) 9 জানুয়ারি (b) 10 জানুয়ারি (c) 11 জানুয়ারি (d) 9 ফেব্রুয়ারি

96. কালকা-সিমলা রেলপথকে 'ইউনেস্কো' কত সালে বিশ্ব ঐতিহ্য স্থানের তকমা দেয়?
(a) 2005 (b) 2004 (c) 2008 (d) 2010

97. 'হর্নবিল উৎসব' ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়?
(a) কর্ণাটক (b) হরিয়ানা (c) নাগাল্যান্ড (d) মেঘালয়

98. নীচের পর্বতশ্রেণিগুলিকে পশ্চিম থেকে পূর্বে সাজান।
I. পিরপঞ্জাল II. নাগটিব্বা III. ধৌলাধর IV. মুসৌরি
(a) I, IV, III, II (b) I, III, II, IV (c) IV, II, I, III (d) I, III, IV, II

99. 'রচনা' দোয়াব কোন দু'টি নদীর মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত?
(a) রবি ও বিপাশা (b) চন্দ্রভাগা ও ঝিলম (c) চন্দ্রভাগা ও রবি (d) ঝিলম ও সিন্ধু

100. 'ITCZ'এর পুরো কথা কী?
(a) Indian Tropical Convergence Zone (b) International Tropical Convergence Zone (c) Intertropical Convergence Zone (d) Indian Tropical Conservation Zone

101. বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় নীচের কোন মানচিত্রের সাহায্যে বিশ্লেষণ করা হয়?
(a) স্যাটেলাইট ইমেজারি (b) টোপোগ্রাফিক্যাল মানচিত্র (c) অক্সফোর্ড অ্যাটলাস (d) জি.আই.এস

102. জলবায়ু সংক্রান্ত 'কিয়োটো প্রোটোকল' কত সালে গৃহীত হয়েছিল?
(a) 1992 (b) 1995 (c) 1996 (d) 1997

103. এপ্রিল-জুন মাসে সাধারণত কোন শস্য তোলা হয়?
(a) খরিফ শস্য (b) রবি শস্য (c) জাইদ শস্য (d) কোনোটিই নয়

104. 'বিশ্ব হিন্দি দিবস' কবে পালিত হয়?
(a) 10 জানুয়ারি (b) 11 জানুয়ারি (c) 12 জানুয়ারি (d) 13 জানুয়ারি

105. 'ট্রপিকাল ফরেস্ট্রি রিসার্চ ইনস্টিটিউট' ভারতের কোন শহরে অবস্থিত?
(a) দেরাদুন (b) জব্বলপুর (c) সিমলা (d) শিলং

106. 'বান্ধবগড় জাতীয় উদ্যান' ভারতের কোন রাজ্যে আছে?
(a) রাজস্থান (b) মধ্য প্রদেশ (c) কর্ণাটক (d) ওড়িশা

107. মহারাষ্ট্রের কোলাপুর কোন খনিজের জন্য বিখ্যাত?
(a) বক্সাইট (b) ম্যাঙ্গানিজ (c) লৌহ আকরিক (d) কোবাল্ট

108. পশ্চিমবঙ্গের উপকূলবর্তী এলাকার দৈর্ঘ্য কত কিলোমিটার?
(a) 120.5 (b) 140 (c) 157.5 (d) 207

109. নীচের কোন জাতীয় সড়কটি কলকাতা ও হলদিয়ার মধ্যে সংযোগ রক্ষা করে?
(a) NH–6 (b) NH–41 (c) Nh–55 (d) NH–117

110. ক্ষমতার মাত্রা কত?
(a) $MLT^{-2}$ (b) $ML^{2}T^{-2}$ (c) $ML^{2}T^{-3}$ (d) $MLT^{-1}$

111. নীচের কোনটি মৌলিক রং নয়?
(a) লাল (b) হলুদ (c) সবুজ (d) নীল

112. সূর্য থেকে পৃথিবীতে যে শক্তি আসে তা হল —
(a) নিউক্লিয় সংযোজন (b) নিউক্লিও বিভাজন (c) নিউক্লিয় বিকরণ (d) কোনোটিই নয়

113. চৌম্বক মেরুতে বিনতি কোণ কত?
(a) 0° (b) 30° (c) 45° (d) 90°

114. শুষ্ক ব্যাটারিতে কী ব্যবহৃত হয়?
(a) জিঙ্ক অক্সাইড (b) জিঙ্ক ক্লোরাইড (c) ফেরিক ক্লোরাইড (d) অ্যালুমিনিয়াম ক্লোরাইড

115. $SP^{3}$ এর বন্ধন কোণের মান কত?
(a) 180° (b) 120° (c) 109°28' (d) 120°28'

116. 2019 সালে কে 'গৌরী লঙ্কেশ মেমোরিয়াল পুরস্কার' পেয়েছেন?
(a) রাজকমল ঝা (b) জয়ন্ত ঘোষাল (c) রভীশ কুমার (d) মালিনী পার্থসারথী

117. কলকাতার 'শহীদ মিনার' সম্বন্ধে নীচের কোন তথ্যটি সঠিক নয়?
(a) এটি 1888 সালে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির কমান্ডার মেজর জেনারেল স্যার ডেভিড অক্টারলনির স্মরণে তৈরি হয়েছিল (b) এটির নকশা তৈরি করেছিলেন জে.পি.পার্কার (c) এটির উচ্চতা প্রায় 73 মিটার (d) এটি একটি প্রাচীন মিশরীয় স্থাপত্যের নিদর্শন

118. 'ইউনাইটেড নেশনস হাইকমিশনার ফর রিফিউজিস' সম্বন্ধে নীচের কোন তথ্যটি সঠিক নয়?
(a) এর সদর দফতর নিউইয়র্কে অবস্থিত (b) এটি 1951 সালে গঠিত হয় (c) দ্বিতীয় বিশ্বযুদ্ধে প্রায় 12 লাখ উদ্বাস্তু পুনর্বাসনের লক্ষ্যে সংস্থাটি গড়ে তোলা হয় (d) বিশ্বজুড়ে শরণার্থীদের কাজে 1955 ও 1981 সালে 'নোবেল' শান্তি পুরস্কারে ভূষিত হয়

119. ইউরোপ মহাদেশ মোট ক'টি দেশ নিয়ে গঠিত?
(a) 45 (b) 49 (c) 54 (d) 23

120. 'A Fine Balance' বইটির লেখক কে?
(a) অরুন্ধতী রায় (b) বিক্রম শেঠ (c) কিরণ দেশাই (d) রহিন্টন মিস্ত্রী

121. 'মার্মাগাও' বন্দরটি কোন নদীর মোহনায় অবস্থিত?
(a) যমুনা (b) গোদাবরী (c) মহানদী (d) জুয়ারি

122. ভারতের একমাত্র শুল্ক মুক্ত বন্দর কোনটি?
(a) আন্দামান (b) কান্ডালা (c) কোচি (d) কলকাতা

123. নাইক্রোম ও জার্মান সিলভারে কোন সাধারণ মৌলটি থাকে?
(a) ক্রোমিয়াম (b) নিকেল (c) তামা (d) রুপো

124. অ্যাভোগাড্রো সূত্র প্রযোজ্য হয় —
(a) শুধুমাত্র কঠিন পদার্থের ক্ষেত্রে (b) শুধুমাত্র গ্যাসীয় ও তরল পদার্থের ক্ষেত্রে (c) শুধুমাত্র গ্যাসীয় পদার্থের ক্ষেত্রে (d) শুধুমাত্র গ্যাসীয় ও কঠিন পদার্থের ক্ষেত্রে

125. কোন প্রকার মাটিতে লোহা ও অ্যালুমিনিয়াম বেশি পরিমাণে থাকে?
(a) পেডোক্যাল মাটি (b) পেডালফার মাটি (c) উপকূলের মাটি (d) পার্বত্য মাটি

126. কুষ্ঠ চিকিৎসা করা হয় ——— মাধ্যমে
(a) এরিথ্রোমাইসিন (b) টেট্রাসাইক্লিন (c) সালফোনস (d) পেনিসিলিন

127. মরু অঞ্চলের মাটিতে কোন উপাদানটি বেশি পরিমাণে থাকে?
(a) গ্রাফাইট (b) অভ্র (c) লোহা (d) সোডিয়াম

128. শিশুর পিতৃত্ব নির্ণয়ের জন্য নীচের কোন কৌশলটি গ্রহণ করা হয়?
(a) প্রোটিন বিশ্লেষণ (b) ক্রোমোজোম গণনা (c) ডি.এন.এ'এর গুণগত বিশ্লেষণ (d) আঙুলের ছাপ বিশ্লেষণ

129. অ্যালকোহলের স্ফুটনাঙ্ক কত সেন্টিগ্রেড?
(a) 63° (b) 73° (c) 78° (d) 96°

130. ভারতের সবথেকে বড় মিঠা জলের হ্রদ কোনটি?
(a) উলার হ্রদ (b) ডাল হ্রদ (c) চিলকা হ্রদ (d) লবণ হ্রদ

131. সৌরশক্তি সৃষ্টি হয় কোন পদ্ধতিতে?
(a) ফিউশন (b) ফিশন (c) বিস্ফোরণ (d) সঙ্কোচন

132. ভারতে পোল্ট্রির কোন অসুখ সবথেকে বেশি দেখা যায়?
(a) কোরাইনা (b) চিক ফিভার (c) রানীক্ষেত (d) বার্ড ফ্লু

133. একটি পেন্ডুলামের দোলনকাল কিসের ওপর নির্ভর করে?
(a) দৈর্ঘ্য (b) প্রস্থ (c) গোলকের ঘনত্ব (d) গোলকের আকার

134. একজন ব্যক্তি কী অবস্থায় ভূতলে সর্বাপেক্ষা কম চাপ দেবে?
(a) বসে থাকলে (b) দাঁড়িয়ে থাকলে (c) দৌড়াতে থাকলে (d) শুয়ে থাকলে

135. 'Lyssa' কোন রোগের অন্য নাম?
(a) এডস (b) ক্যান্সার (c) কলেরা (d) রেবিস

136. ভারতের চতুর্থ জাতীয় জলপথ কোনটি?
(a) বরাকর নদী (b) মহানদী (c) কৃষ্ণা নদী (d) গোদাবরী নদী

137. রাউরকেল্লা ইস্পাত কারখানাটি কোন নদীর তীরে অবস্থিত?
(a) ব্রাহ্মণী (b) দামোদর (c) তুঙ্গভদ্রা (d) কোনোটিই নয়

138. 'জাতীয় শিল্প নীতি' কত সালে ঘোষিত হয়?
(a) 1947 (b) 1948 (c) 1961 (d) 1991

139. গাঙ্গেয় সমভূমির সবথেকে উত্তরের অঞ্চলকে কী বলে?
(a) ভাবর (b) তরাই (c) ডুয়ার্স (d) খাদর

140. অসম রাজ্যের কোন অঞ্চলে ব্রহ্মপুত্র উপত্যকা বিস্তৃত?
(a) সাদিয়া থেকে ধুবড়ি (b) বঙ্গাইগাঁও থেকে নলবাড়ি (c) গোয়ালপাড়া থেকে শিবসাগর (d) শিবসাগর থেকে ধুবড়ি

141. নীচের কোনটি পুঞ্জীভূত ফল?
(a) আনারস (b) আতা (c) ডুমুর (d) কাঁঠাল

142. কলার নীচের খনিজগুলির মধ্যে কোনটির উপস্থিতি সামান্য তেজস্ক্রিয় করে তোলে?
(a) সোডিয়াম (b) ক্যালশিয়াম (c) ম্যাগনেশিয়াম (d) পটাশিয়াম

এরপর ১১ পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। ব্যাকটিরিয়ার জেনেটিক পদার্থকে কী বলে — জেনোফর।

২। 'ব্রেড-মোল্ড' কী — মিউকর।

৩। 'বার্ড ফ্লু'র ভাইরাস কী — এভিয়েন ইনফ্লুয়েঞ্জা।

৪। কোন ব্যাকটিরিয়া ড্রেনের ময়লার পচন ঘটিয়ে ড্রেনকে পরিষ্কার করে — এন্টারোব্যাক্টর।

৫। সাপের কামড়ের জন্য কোন ওষুধ ব্যবহার করা হয় — অ্যান্টিভেনম।

### পদার্থবিদ্যা

৬। সমুদ্রের জলের রং নীল দেখায় কেন — সূর্যরশ্মির বিচ্ছুরণ।

৭। প্রবাহিত তরলের ঘর্ষণকে কী বলে — সান্দ্রতা।

৮। কৃত্রিম উপগ্রহতে কোনো দেহের ওজন কত — শূন্য।

৯। প্রত্যেক মৌলিক পদার্থের পরমাণুর সাধারণ উপাদান কী — ইলেকট্রন।

১০। কাঁচি কী ধরণের লিভার — প্রথম শ্রেণি।

### রসায়ন

১১। কস্টিক সোডার রাসায়নিক নাম কী — সোডিয়াম হাইড্রক্সাইড।

১২। অ্যামোনিয়াম সালফেটের অণুতে ক'টি পরমাণু আছে — ১৫টি।

১৩। গোবর গ্যাসের প্রধান উপাদান কী — মিথেন।

১৪। কোন অ্যাসিড তীব্র জলশোষক — সালফিউরিক অ্যাসিড।

১৫। 'সোরা'র রাসায়নিক নাম কী — পটাশিয়াম নাইট্রেট।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। 'জিলিল্লাহ' উপাধি কে গ্রহণ করেন



— গিয়াস-উদ্-দীন বলবন।

১৭। আইহোলের বিষ্ণু মন্দির কোন যুগের স্থাপত্যের নিদর্শন — চালুক্য।

১৮। শৈলেন্দ্র রাজবংশের কুলগুরু কে ছিলেন — কুমার ঘোষ।

১৯। চন্দ্রগুপ্তের মায়ের নাম কী — মুরা।

২০। বৈষ্ণব সাধক একনাথ, তুকারাম ও রামদাস কোন অঞ্চলের ধর্মগুরু ছিলেন — মহারাষ্ট্র।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২১। দক্ষিণ আফ্রিকায়, মোহনদাস করমচাঁদ গান্ধীর প্রতিষ্ঠিত আশ্রমের নাম




কী — টলস্টয় ফার্ম।

২২। জাতীয় কংগ্রেসের প্রথম ব্রিটিশ সভাপতি কে ছিলেন — জর্জ ইউল।

২৩। কে 'দেশপ্রিয়' নামে অভিহিত হন — যতীন্দ্রমোহন সেনগুপ্ত।

২৪। 'নীল কমিশন' কত সালে গঠন করা হয় — ১৮৬০।

২৫। 'পশ্চিম ভারতের সক্রেটিস' কাকে বলে — মহাদেব গোবিন্দ রানাডে।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৬। ভারতের বেশিরভাগ লৌহ আকরিক বিদেশে রফতানি করা হয় কোন বন্দর থেকে — মার্মাগাঁও।

২৭। ভারতের বৃহত্তম জাহাজ নির্মাণ কারখানা কোনটি — বিশাখাপত্তনমের 'হিন্দুস্তান শিপ ইয়ার্ড'।

২৮। 'ওখা বন্দর' ভারতের কোন রাজ্যে আছে — গুজরাত।

২৯। 'ভরতপুর পাখিরালয়' ভারতের কোন রাজ্যে আছে — রাজস্থান।

৩০। ভারতের কোন রাজ্যে খালের সাহায্যে সবথেকে বেশি সেচ করা হয় — উত্তর প্রদেশ।

### আন্তর্জাতিক ভূগোল

৩১। বিশ্বের বৃহত্তম সমুদ্রগর্ভের তৈলখনি কোনটি — সাফানিয়া।

৩২। চিনের সর্বশ্রেষ্ঠ নগর কোনটি — সাংহাই।

৩৩। মায়ানমারের দীর্ঘতম নদী কোনটি — ইরাবতী।

৩৪। বাংলাদেশ কবে স্বাধীন রাষ্ট্র হিসাবে স্বীকৃতি পেয়েছে — ১৯৭১ সালের ২৬ মার্চ।

৩৫। পাক-ই-স্তানের মধ্য দিয়ে প্রবাহিত দীর্ঘতম নদী কোনটি — সিন্ধু।

## অর্থনীতি

৩৬। পেমেন্ট ব্যবস্থাকে দ্রুত ও সুরক্ষিত করতে, কোন সংস্থা সম্প্রতি ভজরা প্ল্যাটফর্ম চালু করেছে — ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া (এই প্ল্যাটফর্মটি ব্লকচেইন প্রযুক্তি ভিত্তিক)।

৩৭। ইলেকট্রিক এয়ার ট্যাক্সির উন্নয়নের জন্য, 'উবের' সম্প্রতি কোন সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে — হুন্ডাই।

৩৮। সম্প্রতি 'Deutsche Bank' কত সালের মধ্যে ভারতের আর্থিক বছর ৭ ট্রিলিয়ন হওয়ার অনুমান করেছে — ২০৩০।

৩৯। সম্প্রতি শ্রীলঙ্কায় কোন কোন ব্যাঙ্ক তাদের অফিস বন্ধ করল — আইসিআইসিআই ব্যাঙ্ক ও অ্যাক্সিস ব্যাঙ্ক।

৪০। কোন ব্যাঙ্ক সম্প্রতি 'রেসিডেন্সিয়াল বিল্ডার ফিনান্স উইথ বায়ার গ্যারান্টি' (RBBG) স্কিম চালু করেছে — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

৪১। কোন ভারতীয় টেলিযোগাযোগ সংস্থা সম্প্রতি ভয়েস ও ভিডিওর জন্য তার ওয়াই-ফাই কলিং পরিষেবা চালু করেছে — রিলায়েন্স জিও।

৪২। ভারতে ডিজিটাল পেমেন্ট বাড়াতে, কোন ব্যাঙ্ক সম্প্রতি 'মাইঅ্যাপস অ্যাপ্লিকেশন' চালু করেছে — এইচডিএফসি ব্যাঙ্ক।

## রাষ্ট্রনীতি

৪৩। কে লোকসভাকে তার ৫ বছরের মেয়াদকালের আগেই ভেঙে দিতে পারেন — প্রধানমন্ত্রীর সুপারিশক্রমে রাষ্ট্রপতি।

৪৪। 'সুপ্রিম কোর্ট'এর বিচারপতি তাঁর মেয়াদকাল পূর্ণ হওয়ার আগে, দায়িত্ব থেকে অব্যাহতি চাইলে কাকে তাঁর পদত্যাগপত্র দেন — রাষ্ট্রপতি।

৪৫। কে প্রথম দলিত মহিলা মুখ্যমন্ত্রী হওয়ার কৃতিত্বের অধিকারী — মায়াবতী।

৪৬। সংখ্যালঘু কমিশনের আইনি মর্যাদা কবে দেওয়া হয় — ১৯৯২ সালে।

৪৭। 'ভারতরত্ন', 'পদ্মশ্রী' প্রভৃতি পুরস্কার সংবিধানের কোন অনুচ্ছেদের অন্তর্গত — ৩১।

৪৮। 'পরিকল্পনা কমিশন' কবে গঠিত হয় — ১৯৫০ সালের মার্চ।

## সাম্প্রতিক ঘটনা

৪৯। মহারাষ্ট্রে প্রতি বছর কোন দিনটিতে 'সাংবাদিক দিবস' পালিত হয় — ৬ জানুয়ারি।

৫০। পার্বত্যময় ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জে, (Mountainous Caribbean island of Dominica) ভারতের পরবর্তী হাই কমিশনার কে মনোনীত হলেন — অরুণ কুমার সাহু।

৫১। ভারতের কোন রাজ্যে ৩১ তম 'আন্তর্জাতিক ঘুড়ি উৎসব' অনুষ্ঠিত হয়েছে — গুজরাতের আহমেদাবাদ।

৫২। ২০২০ সালে ভারতের কোন শহর পঞ্চম 'এশিয়া প্যাসিফিক ড্রসোফিলা রিসার্চ কনফারেন্স' (APDRC5) আয়োজন করেছে — পুণে।

৫৩। ২০২০ সালের ৫ জানুয়ারি মারা গেলেন ত্রিলোকী নাথ চতুর্বেদী (৯০ বছর)। তিনি ভারতের কোন রাজ্যের প্রাক্তন রাজ্যপাল ছিলেন — কর্ণাটক (২০০২ সালের ২১ আগস্ট থেকে ২০০৭ সালের ২০ আগস্ট পর্যন্ত কর্ণাটকের রাজ্যপাল ছিলেন তিনি)।

৫৪। স্পেনের প্রধানমন্ত্রী এখন কে —



পেড্রো সাঞ্চেজ।

৫৫। ২০২০ সালে ভারতের কোন রাজ্যের কোন শহরে ১১ তম 'ডেফএক্সপো ইন্ডিয়া' অনুষ্ঠিত হবে — উত্তর প্রদেশের লখনৌ (২০২০ সালে এর থিম 'ইন্ডিয়া : দ্য এমার্জিং ডিফেন্স ম্যানুফ্যাকচারিং হাব')।

৫৬। ভারতের কোন রেলওয়ে স্টেশনে সম্প্রতি দৃষ্টিহীন প্রতিবন্ধীদের জন্য নেভিগেশন ফেসিলিটি চালু হয়েছে — চণ্ডীগড় রেলওয়ে স্টেশন (দেশের মধ্যে পঞ্চম ও উত্তর ভারতের প্রথম রেলওয়ে স্টেশন হিসাবে, চণ্ডীগড় রেলওয়ে স্টেশনে এই পরিষেবা চালু হয়েছে)।

৫৭। কোন সংস্থা ২০২০ সালটিকে 'ইয়ার অফ মোবিলিটি' হিসাবে ঘোষণা করেছে — 'সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স' (CISF)।

৫৮। ২০১৯ সালে কে 'গ্লোবাল বিহার এক্সেলেন্স পুরস্কার' পেলেন — পীযূস জয়সওয়াল।

৫৯। সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের ভাষা বিশেষজ্ঞ দ্বারা কোন শব্দকে 'ওয়ার্ড অফ ডিকেড' হিসাবে ঘোষণা করা হয়েছে — They.

৬০। রিয়েল এস্টেট খাতে আরও বেশি স্বচ্ছতা আনার লক্ষ্যে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'K – RERA' চালু করেছে — কেরালা (এটির পুরো নাম 'কেরালা রিয়েল এস্টেট রেগুলেটরি অথরিটি')।

৬১। ভারতের কোন রাজ্যের কোন শহরে 'ইসরো' প্রথম 'হিউম্যান স্পেস ফ্লাইট ইনফ্রাস্ট্রাকচার সেন্টার' (HSFIC) তৈরি করবে — কর্ণাটকের চিত্রদুর্গ জেলার ছাল্লাকেরে।

৬২। ভারতীয় সেনাবাহিনী সম্প্রতি, একে-২০৩ অ্যাসল্ট রাইফেল কেনার জন্য কোন দেশের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে — রাশিয়া (এই চুক্তি অনুযায়ী, প্রথম পর্যায়ে, রাশিয়া থেকে ১ লাখ রাইফেল আমদানি করবে ভারত ও বাকি ৬.৫ লাখ রাইফেল ভারতে তৈরি করা হবে)।

৬৩। 'প্রবাসী ভারতীয় দিবস' কবে পালিত হয় — ৯ জানুয়ারি।

৬৪। ২০১৯ সালে, কে ব্রিটেনের প্রসিদ্ধ 'কোস্তা চিল্ড্রেন্স পুরস্কার' পেতে চলেছেন — ভারতীয় বংশোদ্ভূত লেখিকা জসবিন্দর বিলান (তাঁর লেখা প্রথম উপন্যাস 'Asha and the spirit Bird' এর জন্য)।

৬৫। ২০২০ সালে 'হ্যানলে পাসপোর্ট ইনডেক্স' অনুযায়ী, সবথেকে শক্তিশালী পাসপোর্ট কোন দেশের — জাপান (এই তালিকায় ভারতের স্থান ৮৪)।

৬৬। 'হাউসিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন'এর (Hudco) চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — এম.নাগারাজ।

৬৭। 'অ্যাপারেল এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল অফ ইন্ডিয়া'এর (AEPC) চেয়ারম্যান পদে সম্প্রতি কে মনোনীত হলেন — এ শক্তিভেল।

৬৮। ভারতের কোন রাজ্য সরকার কমপক্ষে ১০টি রাজ্যে ও মার্কিন যুক্তরাষ্ট্র, মায়ানমার আর বাংলাদেশের মতো দেশগুলিতে 'চো কুটপুই উৎসব' আয়োজন করার সিদ্ধান্ত নিয়েছে — মিজোরাম।

৬৯। কে সম্প্রতি 'ভিজিট নেপাল ইয়ার ২০২০' চালু করেছেন — নেপালের প্রেসিডেন্ট বিদ্যা দেবী ভাণ্ডারী।

৭০। 'নাসিম আল-বাহর' নামে দ্বিপাক্ষিক নৌ মহড়া সম্প্রতি কোন ২ দেশের মধ্যে অনুষ্ঠিত হয়েছে — ভারত ও ওমান।

৭১। ভারতীয় হাই কমিশন সম্প্রতি কোন দেশে আর্ট এক্সিবিশন আয়োজন করেছে — বাংলাদেশ।

৭২। 'বক্সা পাখি উৎসব' সম্প্রতি ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে — পশ্চিমবঙ্গ।

৭৩। দেশের মধ্যে কোন নির্বাচনে প্রথমবার নির্বাচন কমিশন বুথ অ্যাপ ব্যবহার করবে — দিল্লি নির্বাচনে (৮ ফেব্রুয়ারি)।

৭৪। ২৬ জানুয়ারি, ভারতের প্রজাতন্ত্র দিবসে কোন দেশের প্রেসিডেন্ট প্রধান



অতিথি হিসাবে উপস্থিত থাকবেন — ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর মেসিয়াস বোলসোনারো।

৭৫। ২০২০ সালে ভারতের কোন শহরে ২৩ তম 'জাতীয় যুব উৎসব' (NYF) অনুষ্ঠিত হয়েছে — লখনৌ (২০২০ সালে এর থিম ছিল 'ফিট ইউথ ফিট ইন্ডিয়া')।

৭৬। নিম্ন আয়ের পরিবারের শিশুদের শিক্ষিত করতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'আম্মা ভোদি' নামে প্রকল্প চালু করেছে — অন্ধ্র প্রদেশ (২৬ জানুয়ারি থেকে এই প্রকল্প কার্যকরী হবে)।

৭৭। কোন ২ ব্যক্তি সম্প্রতি 'মুপ্পাভারাপু ভেঙ্কাইয়া নাইডু জাতীয় পুরস্কার' পেলেন — কৃষিবিজ্ঞানী এম.এস.স্বামীনাথন ও সমাজসেবক ড. গুটা মুনিরত্নম (স্বামীনাথন পেয়েছেন 'মুপ্পাভারাপু ভেঙ্কাইয়া নাইডু ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর এক্সেলেন্স' ও মুনিরত্নম পেয়েছেন 'মুপ্পাভারাপু ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর সোশ্যাল সার্ভিস')।

৭৮। 'বিশ্ব হিন্দি দিবস' কবে পালিত হয় — ১০ জানুয়ারি।

## খেলাধুলা

৭৯। ২০২২ সালে কোন দেশের কোন শহর 'কমনওয়েলথ গেমস' আয়োজন করবে — যুক্তরাজ্যের বার্মিংহাম।

৮০। ড্যানিয়েল ডে রোজি কোন খেলার সঙ্গে যুক্ত — ফুটবল।

৮১। প্রথম ভারতীয় হিসাবে কে সম্প্রতি আনুষ্ঠানিকভাবে 'টোকিও অলিম্পিক্স'এর জন্য যোগ্যতা অর্জন করলেন — ভারতীয় অশ্বারোহী ফউয়াদ মির্জা।

৮২। ২০২০ সালে ৬৩ তম কুস্তি বিভাগে কে 'মহারাষ্ট্র কেশরী' খেতাব



জিতলেন — ভারতীয় কুস্তিগির হর্ষবর্ধন সাদগির।

৮৩। কে সম্প্রতি ২০১৯ সালের আফ্রিকার বর্ষসেরা ফুটবলার নির্বাচিত হয়েছেন — সাদিও মানে।

৮৪। সাইক্লিংয়ে জুনিয়র র‍্যাঙ্কিংয়ে কে সম্প্রতি বিশ্বে ১ নম্বরে জায়গা করে নিলেন — রোনাল্ডো সিং (নিয়ম অনুযায়ী, জুনিয়র বিভাগে মোট ৩টি ক্যাটেগরিতে আলাদা র‍্যাঙ্কিং হয়। স্প্রিন্ট র‍্যাঙ্কিং, কেইরিন র‍্যাঙ্কিং ও ১ কিলোমিটার টাইম ট্রায়াল র‍্যাঙ্কিং — ৩টিতেই শীর্ষস্থানে রয়েছেন রোনাল্ডো)।

৮৫। সম্প্রতি কোন দল 'অনূর্ধ্ব-১৯ চারদেশীয় ওয়ান ডে সিরিজ' জিতল — ভারত (দক্ষিণ আফ্রিকাকে ৬৯ রানে হারিয়ে)।

৮৬। কোন ভারোত্তোলককে সম্প্রতি ৪ বছরের জন্য নিষিদ্ধ ঘোষণা করল 'ন্যাশনাল অ্যান্টি ডোপিং এজেন্সি' (NADA) — সরবজিৎ কৌর।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## ২৩৩ ক্লার্ক, স্টেনো, স্টাইপেন্ডিয়ারি ট্রেনি

১ পাতার পর

কারা কোন শাখার জন্য যোগ্য :

**কেমিক্যাল :** কোনো সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৪৩টি (জেনা: ২২, ও.বি.সি. ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ৪)। পোস্ট নং : 5.

**মেকানিক্যাল :** কোনো সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। পোস্ট নং : 6.

**ইলেক্ট্রিক্যাল :** কোনো সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৭টি (জেনা: ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)। পোস্ট নং : 7.

**ইন্সট্রুমেন্টেশন :** কোনো সরকার স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইন্সট্রুমেন্টেশন / ইলেক্ট্রনিক্স / ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৯টি (জেনা: ৩, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। পোস্ট নং : 8.

**কেমিস্ট্রি (ল্যাবরেটরি) :** কেমিস্ট্রি প্রধান বিষয় আর ফিজিক্স/অঙ্ক / বায়োলজি সহায়ক বিষয় হিসাবে নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫টি (জেনা: ৪, তঃজাঃ ১)। পোস্ট নং : 9.

স্টাইপেন্ডিয়ারি ট্রেনি (ক্যাটেগরি নং - ।।)'এ নেওয়া হবে এইসব শাখায় : মেকানিক্যাল (ফিটার), ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্ট মেকানিক, প্রসেস / প্ল্যান্ট অপারেটর। কারা কোন শাখায় যোগ্য :

**মেকানিক্যাল (ফিটার) :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ১০টি (জেনা: ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। পোস্ট নং : 13.

**ইলেক্ট্রিক্যাল :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ৪টি (জেনা: ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। পোস্ট নং : 12.

**প্রসেস / প্ল্যান্ট অপারেটর :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ৫৬টি (জেনা: ৩২, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১১, তঃজাঃ ৯)। পোস্ট নং : 10.

**কেমিস্ট্রি (ল্যাবরেটরি) :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ২টি (জেনা: ১, ও.বি.সি. ১)। পোস্ট নং : 11.

**মেকানিক (মোটর ভেহিক্যাল) :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ১টি (জেনা:)। পোস্ট নং : 14.

**ওয়েল্ডার :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ৮টি (জেনা: ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। পোস্ট নং : 15.

**রিগার :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ৩টি (জেনা: ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)। পোস্ট নং : 16.

**টার্নার :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ২টি (ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)। পোস্ট নং : 17.

**প্লাম্বার :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে প্লাম্বার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ৩টি (ও.বি.সি. ২, তঃজাঃ ১)। পোস্ট নং : 18.

**ম্যাসন :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে ম্যাসন ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ২টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)। পোস্ট নং : 19.

**কার্পেন্টার :** অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর আই.টি.আই. থেকে কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ: ১টি (ও.বি.সি.)। পোস্ট নং : 20.

ওপরের সব ক্ষেত্রে আই.টি.আই. কোর্স ২ বছরের / এন.সি.টি.ভি.টি. কোর্স ৩ বছরের হতে হবে।

দুই পদের বেলায়ই শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি ও মেয়েদের বেলায় ১৪৮ সেমি। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ৬/১৮ বা ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। আর কাছের বেলায় N8 বা N6 পর্যন্ত সংশোধনযোগ্য। 'ক্যাটেগরি -। ট্রেনি' পদের বেলায় ১৮ থেকে ২৫ বছরের মধ্যে আর 'ক্যাটেগরি -।। ট্রেনি' পদের বেলায় ১৮ থেকে ২২ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের ট্রেনিং।

স্টাইপেন্ড ক্যাটেগরি-।'এর বেলায় প্রথম বছর মাসে ১৬,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ১৮,০০০ টাকা। সফল হলে 'সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট /সি' পদে চাকরি। মূল মাইনে ৪৪,৯০০ টাকা।

স্টাইপেন্ড ক্যাটেগরি-।।'এর বেলায় প্রথম বছর মাসে ১০,৫০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ১২,৫০০ টাকা। সফল হলে 'টেকনিশিয়ান /সি' বা, 'টেকনিশিয়ান / বি' পদে চাকরি। মূল মাইনে ২১,৭০০ টাকা। আর 'টেকনিশিয়ান /বি' পদে চাকরি। মূল মাইনে ২৫,৫০০ টাকা।

এছাড়াও নেওয়া হবে এইসব পদে :

**স্টেনোগ্রাফার গ্রেড-।।। :** মাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনা: ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**আপার ডিভিশন ক্লার্ক :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে ভালো হয়। কম্পিউটারে ডাটা প্রসেসিংয়ের কাজে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ২৫,৫০০ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনা: ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১)।

**ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) :** মাধ্যমিক পাশরা হাল্কা ও ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। দু'চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ২০টি (জেনা: ১৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ড্রাইভার কাম পাম্প অপারেটর কাম ফায়ারম্যান /এ :** কেমিস্ট্রি নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। গাড়ি চালানোর কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৫ সেমি, ওজন অন্তত ৫০ কেজি, বুকের ছাতি না ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৬ সেমি। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০ টাকা। শূন্যপদ : ২৬টি (জেনা: ১২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১-২০২০'র হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : Advt No. HWB / 1/ 2020.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে অনলাইনে বা, অফলাইনে। এই সব কেন্দ্রে : ভুবনেশ্বর, মুম্বাই, চেন্নাই, বরোদা, কোটা ও হায়দরাবাদে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.hwb.gov.in, www.hwb.mahaonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৫০ কে.বি.'র মধ্যে, মাপ উচ্চতা ৪.৫× চওড়া ৩.৫ সেমির মধ্যে) ও সিগনেচার (৫০ কে.বি.'র মধ্যে, মাপ উচ্চতা ৪.৫× চওড়া ৩.৫ সেমির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, মহিলা, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## বর্ধমান জেলা স্বাস্থ্য বিভাগে ১৭ টেকনিশিয়ান

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দফতরের অধীনস্থ পূর্ব বর্ধমান জেলা স্বাস্থ্য বিভাগ 'কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজর', 'আই.সি.টি.সি. ল্যাব টেকনিশিয়ান' ও 'ল্যাব টেকনিশিয়ান (ব্লাড ব্যাঙ্ক)' পদে ১৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য: বায়োলজি বিষয় নিয়ে সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা 'কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজর' পদের জন্য যোগ্য। দু'চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। বয়স হতে হবে ৫০ থেকে ৬২ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৭,৭২০ টাকা। শূন্যপদ : ৩টি (ও.বি.সি. -এ ক্যাটেগরি ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

মেডিক্যাল ল্যাব টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরা ১ বছর কাজের অভিজ্ঞতা থাকলে 'আই.সি.টি.সি. ল্যাব টেকনিশিয়ান' পদের জন্য যোগ্য। মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা ২ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। কম্পিউটারে কাজ জানলে ভালো হয়। বয়স হতে হবে ৬০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনা: ২, ও.বি.সি. এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১)।

উচ্চমাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিগ্রি কোর্স পাশ কিংবা মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা 'ল্যাব টেকনিশিয়ান (ব্লাড ব্যাঙ্ক)' পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ৬০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনা: ২, তঃজাঃ ১)।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজর পদের বেলায় দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। তখন সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, ড্রাইভিং লাইসেন্স, ফটো আই.ডি. কার্ড / আধার কার্ড / রেশন কার্ডের স্ব-প্রত্যয়িত নকল আর নিজের নাম ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম। দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ১৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The Chief Medical Officer of Health (Dy. CMOH-II Section), Khosbagan, Purba Bardhanman.

ল্যাব টেকনিশিয়ান পদের বেলায় দরখাস্ত করবেন অনলাইনে, ৭ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

**RABINDRA BHARATI UNIVERSITY**
**COMPUTER CENTER**
56A, B.T. ROAD, KOLKATA-700 050

**Ref. No: RB/REG/17/2020**
**Date: 17/01/2020**

Admission going on for Madhyamik and H.S. Students.

Courses offered: Office Automation O-Level (NIELIT, formerly DOEACC) and DTP (Desk Top Publishing)

Attractive discount and Installment facility available Contact No. 9163365949.

Registrar

**All INDIA CIPET JEE 2020**

**Central Institute of Plastics Engineering & Technology (CIPET)**
सेन्ट्रल इंस्टिट्यूट ऑफ प्लास्टिक्स इंजीनियरिंग एंड टेक्नोलॉजी (सिपेट)
(Dept.of Chemicals & Petrochemicals, Ministry of Chemicals & Fertilizers, Govt.of India)
CIPET : CSTS - Haldia, City Centre, Debhog, Purba Medinipur, Haldia-721 657(WB)
Ph. No.: +91-3224-255534, Fax: +91-3224-253016, E-mail: cipet.haldia@gmail.com

**Admission through Computer Based Test (CBT) JEE 2020**
**Apply Online: http://eadmission.cipet.gov.in**

EXCELLENT PLACEMENT TRACK RECORD

Diploma, Post Diploma and Postgraduate Diploma Courses for 10th, 12th Std & above

| Sl. No. | Name of Course | Course Duration | Entry Qualification |
|---|---|---|---|
| 1 | Diploma in Plastics Mould Technology (DPMT) | 3 years | Full time 10th Std. |
| 2 | Diploma in Plastics Technology (DPT) | 3 years | Full time 10th Std. |
| 3 | Post Graduate Diploma in Plastics Processing & Testing (PGD-PPT) | 2 years | 3 year full time Degree in Science |
| 4 | Post Diploma in Plastics Mould Design with CAD/CAM (PD-PMD with CAD/CAM) | 1½ years | 3 year full time Diploma in Mechanical/Plastics/Polymer/Tool/ Production/Mechatronics/Automobile/ Tool & Die Making/Petrochemicals/ Industrial/Instrumentation Engg/ Technology or DPMT/DPT or Equivalent |

Candidates appearing for the entry qualification examination are also eligible to apply for all the above courses.
No age bar for all above courses; All the above Courses are approved by AICTE, New Delhi

IMPORTANT DATES :
✓ Date of opening for JEE online application submission : 12/01/2020
✓ Date of closure for JEE application submission : 22/05/2020
✓ Date of CIPET-JEE all over India : 31/05/2020
✓ Date of commencement of courses : 01/07/2020

CIPET Centres: Agartala, Ahmedabad, Amritsar, Aurangabad, Baddi, Balasore, Bhopal, Bhubaneswar, Chandrapur, Chennai, Dehradun, Guwahati, Gwalior, Hyderabad, Hajipur, Haldia, Imphal, Jaipur, Kochi, Korba, Lucknow, Madurai, Murthal, Mysuru, Raipur, Ranchi and Vijayawada.

Contracts: trainingcipet.haldia@gmail.com , Call: 8167096985, 9432312648, 9749042189, 6295057761
For assistance : ✆ 18001218820 / 9953718820 website : www.cipet.gov.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

৮ পাতার পর

143. 'অয়েল অফ মিরাবেন' কোন যৌগের অন্য নাম?
(a) ফেনপথালিন (b) নাইট্রোবেঞ্জিন (c) ফেনল (d) টলুইন

144. 'Unified Payments Interface' অ্যাপ্লিকেশনটির মাধ্যমে সর্বোচ্চ কত টাকা পাঠানো যায়?
(a) 1,00,000 (b) 10,000 (c) 2,00,000 (d) 20,000

145. 'BAVAR – 373' কী?
(a) একধরণের সামরিক যুদ্ধজাহাজ (b) একধরণের স্যাটেলাইট (c) একধরণের ক্ষেপণাস্ত্র (d) একধরণের মহাকাশযান

146. সাংবাদিক প্রণয় রায় কোন সংবাদ সংস্থার সঙ্গে যুক্ত?
(a) বি.বি.সি হিন্দি (b) এন.ডি টিভি (c) সি.এন.এন (d) এ.বি.পি নিউজ

147. 'QR Code'-এর পুরো নাম কী?
(a) Quick Response Code (b) Quality Resolution Code (c) Quick Resolution Code (d) Quality Response Code

148. বহুজাতিক সংস্থা 'উইপ্রো'র বর্তমান চেয়ারম্যান কে?
(a) এন.আর.নারায়ণমূর্তি (b) নটরাজন চন্দ্রশেখর (c) আনন্দ মহিন্দ্রা (d) আজিম প্রেমজি

149. পোলিও টীকায় নিচের কোনটি থাকে না?
(a) ম্যাগনেশিয়াম ক্লোরাইড (b) স্ট্রেপটোমাইসিন (c) নিউমাইসিন (d) অ্যামোক্সিসিলিন

150. 'দ্যা আরগুমেন্টেটিভ ইন্ডিয়া' বইটি কার লেখা?
(a) রঘুরাম রাজন (b) অমর্ত্য সেন (c) মনমোহন সিং (d) এ.পি.জে. আব্দুল কালাম

151. Pick the correct option:
(a) A skein of Greyhounds. ( b) A drove of tigers.
(c) A glint of goldfish. ( d) All of the above.

152. He __________ everything that was taught by me. (Filled in with an appropriate word)
(A) understand (B) understands (C) understood (D) was understanding

153. Fill in with suitable conjunction:
They carved not a line, __________ they raised not a stone.
a) But b) Yet c) And d) Or

154. This is the best book that I ______(Filled in with an appropriate word)
(A) have ever read (B) ever had read (C) ever did read (D) ever was reading

155. 'Mic drop' means
(a) Speech regarding simply an unpleasant sight (b)impressive performance
(c) bad-tempered and irritable (d)False lecturer

156. Please do not ____ an offer made by the Chairman. (Filled in with an appropriate word)
(A) refrain (B) refute (C) refuse (D) refuge

157. The government is confident that the standard of living will begin to ______ again soon. (Filled in with an appropriate word)
(A) revive (B) lift (C) flourish (D) rise

158. We spent an hour discussing about his character. (Choose the correct alternative. In case no improvement is needed your answer is D).
(A) his character (B) of his character (C) upon his character (D) No improvement

159. The condition of being abnormally afraid of thunder and lightning.
(a) Astraphobia (b) Cynophobia (c) Enochlophobia (d) Podophobia

160. We have already disposed our old house. (Choose the correct alternative. In case no improvement is needed your answer is D).
(A) disposed off (B) disposed out (C) disposed of (D) No improvement

161. Choose the word opposite in meaning to the given word
Rescind
(A) assign (B) recognize (C) virtuous (D) gorgeous

162. Choose the correct meaning of the word from the alternatives given below :
Gracias
(a) Goodbye (b) Hello
(c)Congrats (d)Thank you

163. Choose the word opposite in meaning to the given word
Kowtow
(A) joke (B) rebel (C) throw (D) attract

164. Choose the word opposite in meaning to the given word
Feckless
(A) fearless (B) reckless (C) worthy (D) worthless

165. Singular form of data is ............
(a) datas (b)datum (c)data (d) dataes

166. Choose the one which best expresses the meaning of the given word.
Acme
(A) Pinnacle (B) aural (C) twang (D) salvation

167. Choose the one which best expresses the meaning of the given word.
Debonair
(A) sarcastic (B) naïve (C) suave (D) lewd

168. Hara-Kiri means
(A) patriotism (B) suicide (C) haemorrhage (D) decoration

169. Choose the one which best expresses the meaning of the given word.
Epicure
(A) prosperous (B) crafty (C) gourmet (D) economical

170. Find the correctly spelt word.
(A) Heterogenious (B) Heterogeneous (C) Hetrogenous (D) Heterogineous

171. Choose the alternative which best expresses the meaning of the Idiom/ Phrase.
The construction remains unfinished and the workers have let the grass grow under their feet.
(A) grown grass all over the lawn (B) gone on a luxury tour
(C) delayed doing the work (D) demanded more benefits

172. Choose thealternative which best expresses the meaning of the Idiom/Phrase.
Hard work pays in the long run.
(A) always (B) over a period of time (C) indefinitely (D) never

173. Choose the one which can be substituted for the given words/sentences .
Animals that live in flocks are called.
(A) gregarious (B) social (C) sociable (D) amphibious

174. Choose the one which can be substituted for the given words/sentences .
The fear of death is called.
(A) theophobia (B) nyctophobia (C) logophobia (D thanatophobia

175. That which cannot be corrected
(a) Unintelligible (b) Indelible (c) Illegible (d) Incorrigible

176. 357, 363, 369, ........ শ্রেণির 21তম পদ কত?
(a) 471 (b) 477 (c) 474 (d) 483

177.


ওপরের চিত্রটিকে ঘনকাকৃতি রূপ দিলে কোন অক্ষরগুলি পরস্পরের বিপরীত হবে না?
(a) A and E (b) F and D (c) C and D (d) C and B

178.


(a) 56 (b) 45 (c) 54 (d) 14

179.

ওপরের চিত্রে কতগুলি বর্গক্ষেত্র আছে?
(a) 23 (b) 26 (c) 22 (d) None of these

180. একটি die একবার চাললে 2-এর গুণিতক পড়ার প্রবণতা কত?
(a) $\frac{5}{6}$ (b) $\frac{1}{2}$ (c) $\frac{3}{4}$ (d) $\frac{1}{6}$

181. মানব উন্নয়ন সূচকে (UNDP দ্বারা নির্মিত) ভারতের 2019-এ স্থান কত?
(a) 129 (b) 112 (c) 102 (d) 99

182. একটি সুষম ষড়ভুজের প্রতিটি অন্তঃকোণের মান কত?
(a) 120° (a) 30° (a) 45° (a) 60°

183. যদি (x–5)টি পেনের মূল্য ($x^2$ – 13x +40) টাকা হয়, তবে একটি পেনের মূল্য কত?
(a) (x–2) (b) (x–5) (c) (x–8) (d) (x–1)

184. একটি ব্যাকটেরিয়া কোশ প্রতি 1 ঘন্টায় দ্বিগুণ সংখ্যক হয়, তবে 8 ঘন্টা পর মোট কত কোশ পাবো?
(a) 200 গুণ (b) $2^{16}$ গুণ (c) $2^8$ গুণ (d) $2^6$

185. সরলতম মান নির্ণয় কর —
$$\sqrt{\frac{625}{4356}} \quad \sqrt{\frac{576}{1089}} \qquad \frac{66}{\sqrt{19600} \quad \sqrt{36}}$$
(a) $\frac{7}{15}$ (b) $\frac{9}{53}$ (c) $\frac{1}{2}$ (d) $\frac{79}{33}$

186. একটি আয়তাকার বরফের টুকরোর পরিমাপ হল 40cm×25cm×15cm. বরফটির ভর নির্ণয় কর। যদি বরফের ভর সম আয়তন জলের ভরের $\frac{9}{10}$ অংশ হয় (1 $CM^3$ জলের ভর 1g)?
(a) 9 kg (b) 13.5 kg (c) 9.5 kg (d) 17.5 kg

187. $4096^{0.14} \times 4096^{0.11}$ = ?
(a) 4 (b) 4096 (c) 8 (d) 64

188. $0.\overline{63} \quad 0.\overline{37}$ = ?
(a) 1 (b) $1.\overline{01}$ (c) $0.\overline{101}$ (d) 1.01

189. তিনটি ক্রমিক পূর্ণসংখ্যার গুণফল 120 হলে, তাদের যোগফল কত হবে?
(a) 9 (b) 12 (c) 14 (d) 15

190. যদি দু'টি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু যথাক্রমে 105 ও 3 আর তাদের যোগফল 36 হয়, তবে তাদে অন্যান্যকের যোগফল কত?
(a) 35 (b) $\frac{3}{5}$ (c) $\frac{4}{35}$ (d) $\frac{1}{35}$

191. একটি বানর প্রথম মিনিটে একটি পোলের ৬ মিটার ওপরে ওঠে ও পরের এক মিনিটে ৩ মিটার পিছলে নেমে আসে। ২১ মিটার একটি পোলে উঠতে কত সময় লাগবে?
(a) 10 Min (b) 12 min (c) 11 min (d) 15 min

192. $999\frac{1}{7}$ $999\frac{2}{7}$ $999\frac{3}{7}$ $999\frac{4}{7}$ $999\frac{5}{7}$ $999\frac{6}{7}$ ?
(a) 2997 (b) 5979 (c) 5997 (d) 5994

193. একটি ধনাত্মক ভগ্নাংশ ও তার অন্যান্যক-এর পার্থক্য $\frac{9}{20}$ হলে ভগ্নাংশটি কত?
(a) $\frac{5}{4}$ (b) $\frac{4}{5}$ (c) $\frac{3}{5}$ (d) $\frac{3}{10}$

194. 0, 6, 24, 60, 120, 210, ?
(a) 240 (b) 290 (c) 336 (d) 504

195. 2, 10, 30, 68, ?
(a) 130 (b) 120 (c) 260 (d) 98

196. এক ব্যক্তি দু'টি শাড়ি একটিকে 15% লাভে ও অন্যটিকে 15% ক্ষতিতে বিক্রি করেন। যদি প্রতিটি শাড়ির ক্রয়মূল্য 2500 টাকা করে হয়, তবে মোট লাভ বা, ক্ষতি হবে?
(a) লাভ 2.5% (b) লাভ 2.25% (c) ক্ষতি 2.25% (d) লাভ বা, ক্ষতি হবে না

197. নিচের কোনটি সঠিক —
(i) $\sqrt[3]{ab} \quad \sqrt[3]{a} \quad \sqrt[3]{b}$
(ii) $\sqrt[3]{\frac{a}{b}} \quad \sqrt{\frac{a^3}{b^3}}$
(iii) $\sqrt[3]{ab} \quad ab^{\frac{1}{3}}$
(a) only (i) (b) only (iii) (c) All of the above (d) (i) and (iii)

198. 31250 টাকার বার্ষিক 8% হারে $2\frac{3}{4}$ বছরের চক্রবৃদ্ধি সুদ কত?
(a) 7387 (b) 7384 (c) 8440 (d) 8220

199. যদি 10টি খাতার ক্রয়মূল্য 8টি খাতার বিক্রয়মূল্যের সমান হয়, তবে লাভ বা, লোকসান কত?
(a) 20% লাভ (b) 25% লাভ (c) 20% লোকসান (d) 25% লোকসান

200. Bird : Ornithology : : Universe : ?
(a) universal (b) astronomy (c) cosmology (d) aerobatics

## উত্তর

**1(d). 2(d). 3(b). 4(c). 5(d). 6(c). 7(c). 8(a). 9(a).10(c). 11(c). 12(a). 13(b). 14(b). 15(c). 16(b). 17(b). 18(c). 19(a). 20(a). 21(b). 22(a). 23(c). 24(b). 25(b). 26(b). 27(a). 28(a). 29(b). 30(c). 31(a). 32(c). 33(c). 34(a). 35(d). 36(a). 37(d). 38(b). 39(b). 40(b). 41(a). 42(a). 43(d). 44(c). 45(c). 46(d). 47(c). 48(a). 49(a). 50(b). 51(c). 52(c). 53(b). 54(d). 55(b). 56(c). 57(c). 58(c). 59(c). 60(c). 61(a). 62(d). 63(a). 64(c). 65(a). 66(a). 67(c). 68(a). 69(c). 70(a). 71(b). 72(c). 73(b). 74(a). 75(b). 76(b). 77(c). 78(b). 79(a). 80(c). 81(b). 82(b). 83(d). 84(a). 85(d). 86(b). 87(d). 88(b). 89(c). 90(a). 91(c). 92(c). 93(b). 94(b). 95(a). 96(c). 97(c). 98(b). 99(c). 100(c). 101(a). 102(d). 103(b). 104(a). 105(b). 106(b). 107(a). 108(c). 109(b). 110(c). 111(b). 112(a). 113(d). 114(b). 115(c). 116(c). 117(c). 118(a). 119(b). 120(d). 121(d). 122(b). 123(b). 124(c). 125(b). 126(c). 127(d). 128(c). 129(c). 130(a). 131(a). 132(c). 133(a). 134(d). 135(d). 136(a). 137(a). 138(b). 139(a). 140(a). 141(c). 142(d). 143(b). 144(a). 145(c). 151(c). 152(c). 153(c). 154(a). 155(b). 156(c). 157(d). 158(a). 159(a). 160(c). 161(a). 162(b). 163(b). 164(c). 165(b). 166(a). 167(c). 168(b). 169(c). 170(b). 171(c). 172(b). 173(a). 174(d). 175(d).176(b). 177(c). 178(b). 179(d). 180(b). 181(a) 182(a). 183(c). 184(c). 185(c). 186(b). 187(c). 188(b). 189(d). 190(c). 191(c). 192(c). 193(b). 194(c). 195(a). 196(c). 197(d). 198(a). 199(b). 200(c).**

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**৮ জানুয়ারি** : 'হাউসিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন'এর (Hudco) চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন এম.নাগারাজ।

□ 'অ্যাপারেল এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল অফ ইন্ডিয়া'এর (AEPC) চেয়ারম্যান পদে মনোনীত হলেন এ শক্তিভেল।

□ প্রথম উপন্যাস 'Asha and the spirit Bird' এর জন্য, ২০১৯ সালের ব্রিটেনের প্রসিদ্ধ 'কোস্টা চিল্ড্রেন্স পুরস্কার' পেতে চলেছেন ভারতীয় বংশোদ্ভূত লেখিকা জসবিন্দর বিলান। পুরস্কার মূল্য হিসাবে তিনি ৫,০০০ পাউন্ড পাবেন। বছরে ৫টি বিভাগে এই পুরস্কার দেওয়া হয় — প্রথম উপন্যাস, উপন্যাস, জীবনী, কবিতা ও শিশুদের বই।

□ ভারত জুড়ে কমপক্ষে ১০টি রাজ্যে ও মার্কিন যুক্তরাষ্ট্র, মায়ানমার আর বাংলাদেশের মতো দেশগুলিতে 'জো কুটপুই উৎসব' আয়োজন করার সিদ্ধান্ত নিয়েছে মিজোরাম সরকার। ৯ জানুয়ারি, ত্রিপুরার ভানঘমুনে এই উৎসবের প্রথম সংস্করণটি আয়োজিত হয়েছে।

□ ২০১৯ সালে আফ্রিকার বর্ষসেরা ফুটবলার নির্বাচিত হলেন সাদিও মানে। ২০১৯ সালে লিভারপুলকে চ্যাম্পিয়ন্স লিগ জেতানোর পাশাপাশি সেনেগালকে আফ্রিকান নেশনস কাপের ফাইনালে নিয়ে যাওয়ার সুবাদেই এই সম্মানজনক পুরস্কারটি পেলেন এই ফুটবলার। সেনেগালের দ্বিতীয় ফুটবলার হিসাবে এই পুরস্কারটি পেলেন মানে।

**৯ জানুয়ারি** : নিম্ন আয়ের পরিবারের শিশুদের শিক্ষিত করতে, 'আম্মা ভোদি' নামে প্রকল্প চালু করলেন অন্ধ্র প্রদেশের মুখ্যমন্ত্রী ইয়েদুগুরি সানদিনতি জগন্মোহন রেড্ডি। এই প্রকল্প অনুযায়ী, নিম্ন আয়ের পরিবার থেকে আসা স্কুলগামী শিশুদের মা ও অভিভাবকরা বার্ষিক ১৫,০০০ টাকা আর্থিক সহায়তা পাবেন। ২৬ জানুয়ারি থেকে এই প্রকল্প কার্যকরী হবে।



'মুপ্পাভারাপু ভেঙ্কাইয়া নাইডু জাতীয় পুরস্কার' পেলেন কৃষিবিজ্ঞানী এম.এস.স্বামীনাথন ও সমাজসেবক ড. গুট্টা মুনিরত্নম। কৃষিক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য, 'মুপ্পাভারাপু ভেঙ্কাইয়া নাইডু ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর এক্সেলেন্স' পেলেন স্বামীনাথন ও সমাজসেবার মাধ্যমে মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে অসাধারণ অবদানের জন্য, 'মুপ্পাভারাপু ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর সোশ্যাল সার্ভিস' পেলেন মুনিরত্নম।

□ সাইক্লিংয়ে জুনিয়র র‍্যাঙ্কিংয়ে বিশ্বে ১ নম্বরে জায়গা করে নিলেন রোনাল্ডো সিং। 'ইউনিয়ন সাইক্লিস্ট ইন্টারন্যাশনাল' নতুন ক্রমতালিকা প্রকাশ করেছে। নিয়ম অনুযায়ী, জুনিয়র বিভাগে মোট ৩টি ক্যাটেগরিতে আলাদা র‍্যাঙ্কিং হয়। স্প্রিন্ট র‍্যাঙ্কিং, কেইরিন র‍্যাঙ্কিং ও ১ কিলোমিটার টাইম ট্রায়াল র‍্যাঙ্কিং — ৩টিতেই শীর্ষস্থানে রয়েছেন রোনাল্ডো।

**১০ জানুয়ারি** : ওমানের সুলতান কাবুস বিন সইদ অল সইদ (৭৯ বছর) মারা গেলেন। আরব দুনিয়ায় সবথেকে বেশি সময় ধরে মসনদে থাকার নজির গড়েছেন তিনি। ১৯৭০ সালের ২৩ জুলাই থেকে ২০২০ সালের ১০ জানুয়ারি পর্যন্ত ওমানের সুলতানের পদে ছিলেন তিনি।

□ লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল ও ট্রান্সজেন্ডার (LGBT) সম্প্রদায়ের জন্য, তিরুবনন্তপুরমে একটি রাজ্য পর্যায়ের আদালত পরিচালনা করবে কেরালা রাজ্য যুব কমিশন। রাজ্যে এই প্রথম এটি আয়োজিত হবে। এই আদালতের উদ্দেশ্য হল, এই সম্প্রদায়ের ব্যক্তিদের বিভিন্নরকম সমস্যা জানাতে উৎসাহিত করা ও তা দ্রুত সমাধানের ব্যবস্থা করা।

□ সম্প্রতি প্রকাশিত, 'ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরো'র (NCRB) রিপোর্ট অনুযায়ী, দেশের সব মেট্রো শহরের মধ্যে সবথেকে নিরাপদ শহর হিসাবে বিবেচিত হল কলকাতা। সারা দেশের মোট ১৯টি বড় ও মেট্রো শহরে সংঘটিত অপরাধের হার যাচাই করে এই রিপোর্ট প্রকাশ করা হয়েছে।

**১১ জানুয়ারি** : ওমানের সুলতান হলেন হাইথাম বিন তারিক আল সইদ।

□ এই প্রথম দেশীয় প্রযুক্তিতে তৈরি 'তেজস' যুদ্ধবিমান সফলভাবে নামল বিমানবাহী যুদ্ধজাহাজ বিক্রমাদিত্যের ডেকে। নৌবাহিনীর ব্যবহারের উপযোগী করে তুলতেই তেজস যুদ্ধবিমানের ওই হালকা (লাইট কমব্যাট এয়ারক্র্যাফ্ট) প্রোটোটাইপটি তৈরি করা হয়েছে। এই ধরণের ৩০টি বিমান বহনের ক্ষমতা রয়েছে এই রণতরীর। এখন আরব সাগরে মোতায়েন রয়েছে আইএনএস বিক্রমাদিত্য।

□ 'ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন'এর (NASA) বহুপ্রতীক্ষিত 'আর্টেমিস' প্রকল্পে যোগ দেওয়ার জন্য ১১ জন মহাকাশচারীর নাম চূড়ান্ত করল নাসা কর্তৃপক্ষ। আর তাতেই জায়গা করে নিলেন এক ভারতীয় বংশোদ্ভূত। তিনি মার্কিন বায়ুসেনার কর্নেল রাজা জন ভারপুত্তুর চারি। মহাজাগতিক নানা রহস্য ভেদ করতে ধাপে ধাপে চাঁদ ও মঙ্গলে অভিযান চালাবেন তাঁরা। এদিন হিউস্টনে নাসার জনসন স্পেস সেন্টারে চারি-সহ ১১ জন মহাকাশচারীকে রুপোর পিন দিয়ে এই প্রকল্পে তাঁদের আনুষ্ঠানিক যোগদানের স্বীকৃতি দিল নাসা।

□ সমাজতান্ত্রিক ও মুক্তিযোদ্ধা শহীদ আসফাকুল্লা খানের নামে জুলজিক্যাল গার্ডেন তৈরি করতে চলেছে উত্তর প্রদেশের গোরক্ষপুর। ১২১ একর জুড়ে ছড়িয়ে থাকবে এই গার্ডেন। খরচ পড়বে ২৩ কোটি টাকা।

□ প্রথম শ্রেণির ক্রিকেটে ৫০ নম্বর শতরান করলেন চেতেশ্বর পুজারা। 'রঞ্জি ট্রফি'তে কর্ণাটকের বিরুদ্ধে সৌরাষ্ট্রের হয়ে ১৬২ রানে অপরাজিত থাকেন তিনি। নবম ভারতীয় হিসাবে এই কৃতিত্ব অর্জন করলেন তিনি। সবথেকে বেশি ৮১টি শতরান রয়েছে সুনীল গাভাসকার ও শচীন তেন্ডুলকরের।

**১২ জানুয়ারি** : কলকাতা বন্দরের নাম শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের নামে করার ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। এখন থেকে 'কলকাতা বন্দর'এর নতুন নাম 'শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বন্দর'। 'কলকাতা বিশ্ববিদ্যালয়'এর প্রাক্তন উপাচার্য, ভারতের প্রথম শিল্পমন্ত্রী ও ভারতীয় জনসঙ্ঘের প্রতিষ্ঠাতা ছিলেন ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়।



গত মরসুমে (২০১৮-'১৯) দুরন্ত পারফরম্যান্সের জন্য 'বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া'র (BCCI) তরফ থেকে সেরা আন্তর্জাতিক পুরুষ ক্রিকেটারের পুরস্কার 'পলি উমরিগড়' পেলেন জসপ্রীত বুমরাহ। মহিলা বিভাগে এই সম্মান পেলেন পুনম যাদব।

□ লখনৌয়ের ইন্দিরা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হল ২৩ তম 'জাতীয় যুব উৎসব' (NYF)। যৌথভাবে এই অনুষ্ঠানের উদ্বোধন করেছেন যোগী আদিত্যনাথ ও কিরেন রিজিজু। এই অনুষ্ঠানের লক্ষ্য হল, ভারতীয় যুবসমাজকে বিভিন্ন ক্রিয়াকলাপে তাঁদের প্রতিভা প্রদর্শনের সুযোগ দেওয়া। ২০২০ সালে এর থিম 'ফিট ইউথ ফিট ইন্ডিয়া'।

☞ এরপর ১৩ পাতায়

## কমন পেতে জরুরি তথ্য

**প্রত্যেক সপ্তাহে বিশ্বে এমন অনেক ঘটনা ঘটে, যা চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে কালঘাম ছুটে যায়। তারই হদিশ দিতে চলছে এই নতুন বিভাগ।**

## আই.সি.সি বর্ষসেরা পুরস্কার ২০১৯

সারা বছর ক্রিকেটাররা দেশের হয়ে বিভিন্ন ফরম্যাটে সেরা খেলাটা দিতে চান। কোনো সময় তাঁরা সফল হন, আবার কোনো সময় নিজেকে মেলে ধরতে ব্যর্থ হন। ক্রিকেটারদের সারা বছরের খেলাধুলার ভিত্তিতে, ২০০৪ সাল থেকে বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থা তথা 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল' (ICC) একটি বর্ষসেরা পুরস্কার চালু করে। একনজরে এই পুরস্কারের হাল-হকিকত।



❋ আই.সি.সি পুরস্কার নির্বাচিত হয় প্রাক্তন ক্রীড়াবিদ, এলিট আম্পায়ার, ম্যাচ রেফারি ও প্রবীণ মিডিয়া ব্যক্তিত্বদের প্যানেলের মাধ্যমে।

❋ ২০১৯ সালের ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত ক্রিকেটারদের পারফরম্যান্সের ভিত্তিতে সেরাদের তালিকা তৈরি করা হয়েছে।

❋ স্পনসরশিপের কারণে ২০১১ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত এই পুরস্কার 'এলজি আইসিসি পুরস্কার' নামে পরিচিত ছিল।

### ২০১৯ সালে যাঁদের ঝুলিতে যে পুরস্কার

❋ **একদিনের পুরুষ ক্রিকেটার** : রোহিত গুরুনাথ শর্মা (ভারত)।

❋ **টেস্ট ক্রিকেটার** : প্যাট্রিক জেমস কামিন্স (অস্ট্রেলিয়া)।

❋ **পুরুষ ক্রিকেটার (স্যার গারফিল্ড সোবার্স ট্রফি)** : বেঞ্জামিন অ্যান্ড্রু স্টোকস (ইংল্যান্ড)।

❋ **টোয়েন্টি-২০ পারফরম্যান্স** : দীপক লোকেন্দ্রসিং চাহার (ভারত, বাংলাদেশের বিরুদ্ধে ৭ রানে ৬ উইকেট)।

❋ **পুরুষ ইমার্জিং ক্রিকেটার** : মারনাস লাবুশেন (অস্ট্রেলিয়া)।

❋ **একদিনের মহিলা ক্রিকেটার** : এলিসে আলেকজান্দ্রা পেরি (অস্ট্রেলিয়া)।

❋ **মহিলা ক্রিকেটার** : এলিসে আলেকজান্দ্রা পেরি (অস্ট্রেলিয়া)।

❋ **মহিলা টোয়েন্টি-২০ ক্রিকেটার** : অ্যালিসা হিলি (অস্ট্রেলিয়া)।

❋ **মহিলা ইমার্জিং ক্রিকেটার** : চানিদা সুথিরুয়াং (থাইল্যান্ড)।

❋ **আই.সি.সি মহিলাদের টোয়েন্টি-২০ অধিনায়ক** : মেঘান মোইরা ল্যানিং (অস্ট্রেলিয়া)।

❋ **আই.সি.সি মহিলাদের একদিনের অধিনায়ক** : মেঘান মোইরা ল্যানিং (অস্ট্রেলিয়া)।

❋ **আই.সি.সি টেস্ট ও একদিনের অধিনায়ক** : বিরাট কোহলি (ভারত)।

❋ অ্যাসোসিয়েট ক্রিকেটার : কাইল জেমস কোয়েটজার (স্কটল্যান্ড)।

❋ স্পিরিট অফ ক্রিকেট : বিরাট কোহলি (ওভালে স্টিভ স্মিথকে করা দর্শকদের কটূক্তির প্রতিবাদ করার জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি)।

❋ আম্পায়ার : রিচার্ড কেইথ ইলিংওয়ার্থ (ইংল্যান্ড)।

### ২০১৯ সালের আই.সি.সি'র সেরা পুরুষদের একদিনের দল

❋ বিরাট কোহলি (ভারত, অধিনায়ক), ❋ রোহিত গুরুনাথ শর্মা (ভারত) ❋ মহম্মদ শামি আহমেদ (ভারত) ❋ কুলদীপ যাদব (ভারত) ❋ মিচেল অ্যারন স্টার্ক (অস্ট্রেলিয়া) ❋ কেন স্টুয়ার্ট উইলিয়ামসন (নিউজিল্যান্ড) ❋ ট্রেন্ট আলেকজান্ডার বোল্ট (নিউজিল্যান্ড) ❋ জোসেফ চার্লস বাটলার (ইংল্যান্ড, উইকেটকিপার) ❋ বেঞ্জামিন অ্যান্ড্রু স্টোকস (ইংল্যান্ড) ❋ মহম্মদ বাবর আজম (পাক-ই-স্তান) ❋ সাই দিয়েগো হোপ (ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট বোর্ড)।

**একনজরে আই.সি.সি সম্পর্কিত কিছু তথ্য :**

প্রতিষ্ঠা : ১৯০৯ সালের ১৫ জুন

সদর দফতর : দুবাই, সংযুক্ত আরব আমিরশাহি

চেয়ারপার্সন : শশাঙ্ক মনোহর

প্রধান নির্বাহী : মনু সাহনি



### ২০১৯ সালের আই.সি.সি'র সেরা পুরুষদের টেস্ট দল

❋ বিরাট কোহলি (ভারত, অধিনায়ক), ❋ ময়াঙ্ক অনুরাগ আগরওয়াল (ভারত) ❋ থমাস উইলিয়াম ম্যাক্সওয়েল লাথাম (টম লাথাম, নিউজিল্যান্ড) ❋ ব্র্যাডলে-জন ওয়াটলিং (উইকেটকিপার, নিউজিল্যান্ড) ❋ নিল ওয়াগনার (নিউজিল্যান্ড) ❋ বেঞ্জামিন অ্যান্ড্রু স্টোকস (ইংল্যান্ড) ❋ স্টিভেন পিটার ডেভেরেয়াক্স স্মিথ (অস্ট্রেলিয়া) ❋ মারনাস লাবুশেন (অস্ট্রেলিয়া) ❋ মিচেল অ্যারন স্টার্ক (অস্ট্রেলিয়া) ❋ প্যাট্রিক জেমস কামিন্স (অস্ট্রেলিয়া) ❋ নাথান মাইকেল লায়ন (অস্ট্রেলিয়া)।

### ২০১৯ সালের আই.সি.সি'র সেরা মহিলাদের একদিনের দল

❋ মেঘান মোইরা ল্যানিং (অস্ট্রেলিয়া, অধিনায়ক) ❋ অ্যালিসা হিলি (অস্ট্রেলিয়া, উইকেটকিপার) ❋ এলিসে আলেকজান্দ্রা পেরি (অস্ট্রেলিয়া) ❋ মেগান সাউট (অস্ট্রেলিয়া) ❋ জেসিকা লুইস জোনাসেন (অস্ট্রেলিয়া) ❋ স্মৃতি শ্রীনিবাস মান্ধানা (ভারত) ❋ পুনম যাদব (ভারত) ❋ শিখা পান্ডে (ভারত) ❋ ঝুলন নিশিত গোস্বামী (ভারত) ❋ ট্যামসিন টিলে বেউমন্ত (ইংল্যান্ড) ❋ স্তেফানিয়ে রোক্সান টেলর (ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট বোর্ড)।

### ২০১৯ সালের আই.সি.সি'র সেরা মহিলাদের টোয়েন্টি-২০ দল

❋ মেঘান মোইরা ল্যানিং (অস্ট্রেলিয়া, অধিনায়ক) ❋ অ্যালিসা হিলি (অস্ট্রেলিয়া) ❋ এলিসে আলেকজান্দ্রা পেরি (অস্ট্রেলিয়া) ❋ মেগান সাউট (অস্ট্রেলিয়া) ❋ ড্যানিয়েল্লে নিকোলে ওয়াট (ইংল্যান্ড) ❋ লিজেল্লে লি (দক্ষিণ আফ্রিকা) ❋ শাবনিম ইসমাইল (দক্ষিণ আফ্রিকা) ❋ স্মৃতি শ্রীনিবাস মান্ধানা (ভারত) ❋ রাধা প্রকাশ যাদব (ভারত) ❋ দীপ্তি ভগবান শর্মা (ভারত) ❋ নিদা রশিদ দার (পাক-ই-স্তান)।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



১২ পাতার পর

☐ বিগ ব্যাশ লিগে ব্যক্তিগত সর্বোচ্চ রানের নজির গড়লেন মার্কাস স্টয়নিস। এদিন মেলবোর্ন স্টার্সের হয়ে, সিডনি সিক্সার্সের বিরুদ্ধে ৭৯ বলে ১৪৭ রান করেন তিনি। ভাঙলেন ২ বছর আগের ডি'আর্কি শর্টের (৬৯ বলে অপরাজিত ১২২) নজির।



ভারতের মহিলা ক্রিকেট বিশ্বকাপ দলে সুযোগ পেলেন শিলিগুড়ির মেয়ে রিচা ঘোষ। ১৫ জনের দলে রয়েছেন ১৬ বছর বয়সি রিচা। অধিনায়ক থাকছেন হরমনপ্রীত কাউর। অস্ট্রেলিয়ায় ২১ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত মহিলাদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে।

☐ ইন্টারন্যাশনাল শুটিং স্পোর্ট ফেডারেশন'এর (ISSF) বিচারে, চিন ও মার্কিন যুক্তরাষ্ট্রকে পিছনে ফেলে, ২০১৯ সালে বিশ্বের শীর্ষ শুটিং দেশ হিসাবে মনোনীত হল ভারত। মোট ৩০টি (২১টি সোনার পদক, ৬টি রূপোর পদক ও ৩টি ব্রঞ্জ পদক) পদক নিয়ে শীর্ষস্থানে রয়েছে ভারত। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে চিন ও মার্কিন যুক্তরাষ্ট্র।

☐ 'মালয়েশিয়া মাস্টার্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জাপানের কেন্তো মোমোতা।

☐ মার্কিন যুক্তরাষ্ট্রের জেসিকা পেগুলাকে ৬-৩ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, 'অকল্যান্ড ক্লাসিক'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন সেরেনা উইলিয়ামস।

**১৩ জানুয়ারি** : মাল্টার প্রধানমন্ত্রী হলেন রবার্ট আবেলা।

☐ এই প্রথম অর্কিডদের 'লাল তালিকাভুক্ত' করতে, 'ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ নেচার'এর (IUCN) সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল অরুণাচল প্রদেশ সরকার। প্রকল্পটি ১২ মাসের মধ্যে সারা রাজ্যজুড়ে ছড়িয়ে দেওয়া হবে।

☐ জার্মানির বিশিষ্ট কূটনীতিক মুরাদ উইলফ্রেড হফম্যান (৮৯ বছর) মারা গেলেন। ৫৫ বছর ধরে তাঁর কূটনৈতিক জীবনে তিনি আলজেরিয়া ও মরক্কোর রাষ্ট্রদূত ছিলেন। এমনকি, ন্যাটো বাহিনীর তথ্য বিষয়ক ডিরেক্টরও ছিলেন তিনি।

☐ ২০২০ সালে 'স্বচ্ছতা দর্পণ পুরস্কার' পেল তেলেঙ্গানার পেদ্দাপাল্লি জেলা। পরিচ্ছন্নতার ক্ষেত্রে ১০০% স্কোর করেছে এই জেলা। এই জেলার ডিস্ট্রিক্ট কালেক্টর এ শ্রীদেবাসেনা নয়াদিল্লিতে এই পুরস্কার নিয়েছেন।

☐ ভারতীয় সেনাবাহিনীর জাহাজ ও ভেসেলে ব্যবহারের জন্য, 'নর্থ আটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন' (NATO) গ্রেড অনুসারে বিশেষ শ্রেণির ডিজেল তৈরি করল 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন' (IOC)। এর পোশাকি নাম 'হাই ফ্ল্যাশ হাই স্পিড ডিজেল' (HFHSD – IN 512)। নয়াদিল্লিতে একটি অনুষ্ঠানে এটি চালু করা হয়েছে।

☐ রাজ্যের মহিলা উদ্যোক্তাদের সহায়তার জন্য, গোয়ায় 'স্বশক্তি প্রকল্প' চালু করলেন কেন্দ্রীয় মহিলা, শিশু উন্নয়ন ও বস্ত্রমন্ত্রী স্মৃতি ইরানি। এই প্রকল্পের আওতায়, সব মহিলা স্বনির্ভর গোষ্ঠীকে ব্যবসার জন্য ৫ লাখ টাকা পর্যন্ত সুদমুক্ত ঋণ দেওয়া হবে।

☐ গুজরাতের গান্ধীনগরে, দেশের প্রথম সাইবার ক্রাইম ডিটেকশন ইউনিট সাইবার 'আসুরেড অ্যাসিস্ট্যান্স সার্ভিস হেল্পলাইন ফর ভিক্টিমস অ্যাট স্টেট টাইম' (AASHVAST) উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এছাড়াও এদিন 'ভিডিও ইন্টিগ্রেশন অ্যান্ড স্টেট ওয়াইড অ্যাডভান্সড সিকিউরিটি' (VISWAS) ও 'NETRANG' প্রকল্পও চালু হয়েছে। 'AASHVAST' একটি ইউনিট, যা 'VISWAS' ও 'NETRANG'এর সহায়তায় সাইবার অপরাধ রোধে কাজ করবে। 'AASHVAST' রাজ্যে সাইবার অপরাধ পর্যবেক্ষণ, প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করবে। 'NETRANG' গুজরাতের ৩৩টি জেলায় কমান্ড ও কন্ট্রোল রুম প্রতিষ্ঠা করবে।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

☐ 'স্প্যানিশ সুপার কাপ'এ চ্যাম্পিয়ন হল রিয়াল মাদ্রিদ।

☐ 'এটিপি কাপ টেনিস টুর্নামেন্ট'এ চ্যাম্পিয়ন হল সার্বিয়া।

**১৪ জানুয়ারি** : 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র (RBI) ডেপুটি গভর্নর হলেন মাইকেল দেবব্রত পাত্র।

☐ 'ভারতীয় দাবা ফেডারেশন'এর প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট উমর কোয়া (৬৯ বছর) মারা গেলেন। ১৯৯৬ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত এই পদে ছিলেন তিনি। তাঁর আমলে দেশে দাবার প্রসার শুরু হয়েছিল।



'সাংহাই কোঅপারেশন সংস্থা'র (SCO) অষ্টম আশ্চর্যের তালিকায় অন্তর্ভুক্ত হল ভারতের 'স্ট্যাচু অফ ইউনিটি'। 'স্ট্যাচু অফ ইউনিটি', 'এস.সি.ও'র অষ্টম আশ্চর্যের তালিকায় নাম তোলা মানে হল, এবার 'এস.সি.ও' নিজের সদস্য দেশগুলিতে (ভারত, চিন, পাকিস্তান, কাজাখস্তান, কিরগিজস্তান, রাশিয়া, তাজিকিস্তান ও উজবেকিস্তান) 'স্ট্যাচু অফ ইউনিটি'র হয়ে প্রচার করবে। সর্দার বল্লভভাই প্যাটেলের ১৪৩ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী ২০১৮ সালের ৩১ অক্টোবর গুজরাতে, বিশ্বের সবথেকে উঁচু (১৮২ মিটার) এই মূর্তি উদ্বোধন করেছিলেন।

**১৫ জানুয়ারি** : 'সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স'এর (CRPF) ডিরেক্টর জেনারেল হলেন আনন্দ প্রকাশ মাহেশ্বরী।

☐ চিন্তামনি নাগেশ রামচন্দ্র রাও'র পর, দ্বিতীয় ভারতীয় হিসাবে ২০২০-'২৩ সময়কালের জন্য, 'ইন্টারন্যাশনাল ইউনিয়ন অফ পিওর অ্যান্ড অ্যাপ্লায়েড কেমিস্ট্রি'র (IUPAC) ব্যুরো সদস্য নির্বাচিত হলেন বিশিষ্ট রসায়নবিদ বিপুল বিহারী সাহা। ১৯১৯ সালে প্রতিষ্ঠিত 'IUPAC' হল রসায়নবিদ পেশাদারদের বৃহত্তম আন্তর্জাতিক সংস্থা।

☐ প্রশিক্ষণপ্রাপ্ত চাকরিপ্রার্থীদের চাকরির খোঁজ দিতে 'রোজগার সঙ্গী' নামে মোবাইল অ্যাপ চালু করলেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেল। 'ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টার'এর সহায়তায় তৈরি এই অ্যাপটি ৭ লাখ শিক্ষার্থীকে উপকৃত করবে, যাঁরা 'ছত্তিশগড় স্টেট স্কিল ডেভেলপমেন্ট অথরিটি'র (CSSDA) অধীনে প্রশিক্ষণ নিতে পারবেন।



রাশিয়ার প্রধানমন্ত্রী হলেন মিখাইল ভ্লাদিমিরোভিচ মিশুস্তিন।

☐ ১৫ জানুয়ারি ৮২ বছরে পা দিলেন ভারতের প্রাক্তন কিংবদন্তি ফুটবলার চুনী গোস্বামী। এই দিনে ক্রীড়াবিদ হিসাবে তাঁর নামে প্রকাশ পেল ডাকটিকিট। এদিন জন্মদিনে তাঁর বাড়িতে এসে কিংবদন্তির হাতে তাঁরই-নামাঙ্কিত ডাকটিকিট তুলে দিলেন ডাক বিভাগের আধিকারিকরা। মহিলা ক্রীড়াবিদ হিসাবে ক্রিকেটার ঝুলন গোস্বামীর রয়েছে এই অনন্য সম্মান।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# ৭৭ জুনিয়র অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

৭৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য।

**জুনিয়র এক্সিকিউটিভ** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে আর কম্পিউটারে অফিস অ্যাপ্লিকেশনের কাজে জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ২২টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২, প্রতিবন্ধী ১)।

**জুনিয়র টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট** : ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ কিংবা বি.এসসি. কোর্স পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইলেক্ট্রনিক ইন্সট্রুমেন্ট রিপেয়ারিং ও রক্ষণাবেক্ষণের কাজে অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ১)।

**জুনিয়র টেকনিশিয়ান / জুনিয়র ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট** : সায়েন্স শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। ওয়্যারম্যান লাইসেন্স / পারমিট থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে ২১,৭০০ থেকে ৬৯,১০০ টাকা। শূন্যপদ : ৪৯টি (জেনাঃ ২৪, ও.বি.সি. ৯, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৫, প্রতিবন্ধী ২)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ২৪-২-২০২০'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। এই পদের বিজ্ঞপ্তি নং : R/01/2020, Dated January 14, 2020.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.iitkgp.ac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ওই দরখাস্ত ডাকে পাঠাতে হবে ২৮ ফেব্রুয়ারির মধ্যে। দরখাস্ত ভরা খামের ওপর পদের নাম লিখবেন। দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Assistant Registrar (E-111), Indian Institute of Technology Kharagpur -721302, West Bengal.

# এইমসে ১০০ নার্স

নাগপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকাল সায়েন্সেস 'নার্সিং অফিসার (স্টাফ নার্স গ্রেড-II)' পদে ১০৬ জন লোক নিচ্ছে।

বি.এসসি. নার্সিং বা, বি.এসসি. অনার্স নার্সিং কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. (পোস্ট-সার্টিফিকেট) বা, পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। নার্সিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। তবে তাঁদের বেলায় ৫০ শয্যার হাসপাতালে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। শূন্যপদ : ১০০টি (জেনাঃ ৪১, ই.ডব্লু.এস. ১০, ও.বি.সি. ২৭, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭)। এই পদের Advt No. Admn/Rec/Regular/Nursing Officer/2019/AIIMS.NGP/...dated: 10/01/2020.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে নাগপুরে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.aiimsnagpur.edu.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, হলে ৮০০) টাকা অনলাইনে জমা দেবেন। প্রতিবন্ধীদের ফী লাগবে না। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করে আর ফী ডিটেলস আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

বেরিয়েছে
শিলাদিত্য জানুয়ারি ২০২০

শান্তিনিকেতনের ডায়ারি

শান্তিনিকেতনের সবটাই যে শান্তিপূর্ণ ছিল এমন নয়, ছোটখাট চুরির ঘটনা তো ঘটতেই, একবার ঘটল ডাকাতির ঘটনা। সেই ডাকাতির অম্লমধুর গল্প শোনালেন এবার **সুশোভন অধিকারী**।

একজন প্রবাসী মানুষ তাঁর উপলব্ধির কথা ভাগ করে নিতে চান দেশবাসীর সঙ্গে। বিশেষ করে স্বভাষীর সঙ্গে। আমেরিকা প্রবাসী ভূতপূর্ব কূটনীতিক, বিশিষ্ট প্রাবন্ধিক **মণীশ নন্দী** 'প্রবাস মনন'-এ জানালেন তাঁর নিজস্ব অভিজ্ঞতার কথা।

'ভোজনবৃত্তান্ত'-এ এবার ভোজনপ্রিয় স্বামী বিবেকানন্দের জীবনের রসনাসম্পর্কিত নানা মজার ঘটনা লিখেছেন **আলপনা ঘোষ**।

রয়েছে খেয়ালখাতা, গল্প, কবিতাসহ অন্যান্য সব বিভাগ।







Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সরকারি আই.টি.আইয়ে

১ পাতার পর

তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ২, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২, প্রতিবন্ধী ২, মেধাবী খেলোয়াড় ৩)। মেকানিক ডিজেল ১০টি (জেনাঃ ৭, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, মেধাবী খেলোয়াড় ১)। মেকানিক মোটর ভেহিক্যাল ১২টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১, মেধাবী খেলোয়াড় ১)। প্লাম্বার ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ২, ও.বি.সি. বি ক্যাটেগরি ১, মেধাবী খেলোয়াড় ১)। সার্ভেয়র ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১, মেধাবী খেলোয়াড় ১)। টার্নার ৪০টি (জেনাঃ ২০, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. বি ক্যাটেগরি ২, প্রতিবন্ধী ১, মেধাবী খেলোয়াড় ১)। ওয়েল্ডার ২৫টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৫, ও.বি.সি. এ ক্যাটেগরি ২, ও.বি.সি. বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১)। ওয়্যারম্যান ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। কার্পেন্টার ১১টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, মেধাবী খেলোয়াড় ১)। রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ১২টি (জেনাঃ ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ২)। কাটিং অ্যান্ড সুইয়িং ৫টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ৩)। স্টোরকীপার (টেকনিক্যাল) ৭টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১)।

কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিতভাবে পাবেন নিচের ওয়েবসাইটে। এই পদের বিজ্ঞপ্তি নং : 5/2020.

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ জানুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ১৮ ফেব্রুয়ারির মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## কোস্ট গার্ডে অফিসার

কেন্দ্রীয় সরকারের ভারতীয় উপকূলরক্ষীবাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড), গ্রুপ 'এ' গেজেটেড অফিসার পদ মর্যাদার 'অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট' পদে তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের জন্য ২৫ জন ছেলেমেয়ে নিচ্ছে।

মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট ছেলেরা আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৭-১৯৯০ থেকে ৩০-৬-১৯৯৯'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি (ত্রিপুরা, অসম ও গোর্খাদের বেলায় ১৫২ সেমি), বুকের ছাতি সুসামঞ্জস্যপূর্ণ ও অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ ও চশমা -সহ উভয় চোখে ৬/৬। মূল মাইনে : ৫৬,১০০ টাকা। শুরুতে ২ বছর প্রবেশন। ট্রেনিং হবে কেরলের ইঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। এছাড়া আছে অন্যান্য সুযোগ-সুবিধা। শূন্যপদ : তপশিলী জাতি ১৩টি ও তপশিলী উপজাতি ১২টি।

খেলাধুলায় দক্ষতা বা, এন.সি.সি.'র সার্টিফিকেট থাকলে গুরুত্ব পাবেন। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের শতকরা হার আর খেলাধুলা ও এন.সি.সি.'র সার্টিফিকেট দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের 'সিলেকশন টেস্ট/ ইন্টারভিউ'এর 'কল লেটার' পাঠানো হবে। প্রথমে হবে প্রিলিমিনারি সিলেকশন টেস্ট হবে মার্চে। এই পরীক্ষায় থাকবে জেনারেল মেন্টাল এবিলিটি টেস্ট বা, কগনিটিভ অ্যাপ্টিটিউট টেস্ট, পিকচার পারসেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে মেন পরীক্ষায় সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে নয়ডা ও চেন্নাইয়ে। সবশেষে ডাক্তারি পরীক্ষা হবে দিল্লি, মুম্বাই বা, চেন্নাইয়ে। প্রথমে ২ সপ্তাহের 'প্রি-ন্যাভাল ওরিয়েন্টেশন ট্রেনিং প্রোগ্রাম' হবে নয়ডায়। সফল হলে বেসিক ট্রেনিং হবে ইঝিমালায়। পরীক্ষা দিতে যাতায়াতের রেল ভাড়া পাবেন। ২-৩ দিন থাকার প্রস্তুতি নিয়ে পরীক্ষা দিতে যাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ ফেব্রুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiancoastguard.gov.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Recruitment of Assistant Commandant General Duty for Men Special Recruitment Drive (SRD) for SC/ST 02/2020 Batch'এ ক্লিক করে যে ব্রাঞ্চে দরখাস্ত করতে চান তা সিলেক্ট করুন। এবার যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ২ কপি প্রিন্ট করে নেবেন। ওই প্রিন্ট করা ফর্মে রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার তারিখ, স্থান ও সময় উল্লেখ থাকবে। প্রার্থী বাছাই পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যাবেন ওই ফর্মের ২টি কপি, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ক্যারেক্টার সার্টিফিকেট ও কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল ও মূল কপি, ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফর্মের নির্দিষ্ট জায়গায় সাঁটবেন), এন.সি.সি. ও স্পোর্টস সার্টিফিকেটের মূল ও প্রত্যয়িত নকল।

## ১০০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

সার্টিফিকেট কোর্স পাশ হলে 'ট্রে অ্যাপ্রেন্টিস' (আই.টি.আই. পাশ শাখার জন্য যোগ্য। স্টাইপেন্ড মা ১০,০০০ টাকা। শূন্যপদ : ৬০টি। পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল মেকানিক্যাল বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কো পাশরা 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' ট্রেডে জন্য যোগ্য। ডিপ্লোমা কোর্স পাশ হ হবে ২০১৭ বা, তারপর। শূন্যপদ : ৩০টি মেকানিক্যাল, অটোমোবাইল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশর 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ট্রেডের জন যোগ্য। শূন্যপদ : ৭টি।

সব ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতায় মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকতে হবে। দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর নিয়ে রাইটসে দরখাস্ত করবেন অনলাইনে ৩১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.ritesltd.com

GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920
পরবর্তী ব্যাচ শুরু হতে চলেছে ২৯শে জানুয়ারি থেকে। ভর্তির শেষ তারিখ ২৭শে জানুয়ারি

জিএসসিই-র 'Sure Success' কোর্সগুলি হল
WBCS
Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview
Regular Combined
Staff Selection, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc.
Crash Course
Like Rail, Bank, PSC, Police etc.
Course on Interview & Personality Grooming

রেলে ৯০০০০ নিয়োগ
সাফল্য পেতে আগে থেকে ভর্তি হয়ে জিএসসিই-তে এখনই প্রস্তুতি শুরু করুন

আর্থিক ভাবে দুর্বল ছাত্রছাত্রীদেরও সরকারি চাকরি পাওয়ার সুবর্ণ সুযোগ। জিএসসিই-তে শুরু হল বেসিক কোর্স
শর্টকাট মেথড ধরে টাইম ম্যানেজমেন্ট শেখা, কমসময়ে বেশী প্রশ্নের উত্তর দেওয়া, বিভিন্ন পরীক্ষার উপর প্রশ্নের ধরন বোঝা, পড়াশোনা করতে করতে বা অন্য কাজে নিযুক্ত থেকেও সময় বার করে সরকারি চাকরির পড়াশোনা ও অনুশীলন করা, নিজের ভুলত্রুটিগুলো শুধরে নিয়ে প্রতিকূলতাকে জয় করে সাফল্য পাওয়া - এ সব কিছুই জিএসসিই-র এই বেসিক কোর্সে হাতেকলমে শেখানো হয়। সঙ্গে আছে মেটেরিয়াল সাপোর্ট, মক টেস্ট দেওয়ার সুবিধা, ফ্রি লাইব্রেরি ও ইন্টারভিউ দেওয়ার প্রকৌশল রপ্ত করা প্রভৃতি। জিএসসিই-তে ভর্তি হয়ে সঠিক পদ্ধতি মেনে পড়াশোনা করে নিজেকে জীবনে প্রতিষ্ঠিত করুন। SC/ST/OBC তালিকাভুক্ত ছাত্রছাত্রীদের জন্য স্কলারশিপের সুবিধা আছে। সব ধরনের ছাত্রছাত্রীদের জন্য বয়স ও যোগ্যতা অনুযায়ী চাকরি পাবার সুযোগ রয়েছে। বিশদ জানতে বাড়ির কাছাকাছি জিএসসিই কেন্দ্রে আজই যোগাযোগ করুন অথবা ফোন করুন - ৯৮৩০২৭৭১০০ / ২০০ / ৩০০।
বৈশিষ্ট্য : ১। ভর্তির সময় ৪০০০ টাকা + জিএসটি ২। ৮০০ টাকা + জিএসটি প্রতি মাসে
এই বেসিক কোর্সে মাসিক ফি প্রদানের মাধ্যমে দুস্থ চাকরি প্রার্থীরা পাবে সেরা প্রস্তুতির সুযোগ। পারিবারিক মাসিক আয় বিবেচ্য।
আসন সংখ্যা সীমিত

পিএসসি-র মাধ্যমে সাত হাজার সরকারি চাকরি
২০২০-র জানুয়ারি থেকে মার্চ মাসের ভিতর মোট ১২টি সরকারি চাকরির পরীক্ষা হতে চলেছে যার মধ্যে থাকছে ওয়ার্ক অ্যাকাউন্টস (মেন), ক্লার্কশিপ (মেন), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (খাদ্য দপ্তর), ডব্লুবিসিএস এক্সিকিউটিভ, অ্যাসিস্ট্যান্ট ট্যুরিস্ট অফিসার, অডিট সার্ভিস (প্রিলি এবং মেন), সায়েন্টিফিক অফিসার ফরেনসিক ল্যাবরেটরি, মিসলেনিয়াস সার্ভিস, রেজিস্ট্রার (উচ্চ শিক্ষা দপ্তর), ফার্মাসিস্ট এবং ওয়ার্ড মাস্টার (ইএসআই হাসপাতাল) প্রভৃতি পরীক্ষাগুলি। বছরের প্রথমেই পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এই নিয়োগ হতে চলেছে। সব মিলিয়ে ৭ হাজারের অধিক সরকারি চাকরির সম্ভাবনা।

যে সমস্ত পরীক্ষার ফর্ম ফিল আপ চলছে
স্নাতক যোগ্যতায় SBI Clerk শূন্যপদ : ৮১৩৪
উচ্চমাধ্যমিক যোগ্যতায় UPSC NDA শূন্যপদ : ৪১৮
মাধ্যমিক যোগ্যতায় DRDO MTS শূন্যপদ : ১৮১৭
বিভিন্ন যোগ্যতায় PSC Laboratory শূন্যপদ : ২০৯
শুধু প্রাইভেট টিউশন নয়, প্রয়োজন এক সম্পূর্ণ প্যাকেজের যেখানে থাকবে বিশেষজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের অঙ্ক, রিজনিং, ইংরেজি, জি.কে. / সি.এ. প্রভৃতি প্রতিটি বিষয়ের উপর বিশেষ গাইডলাইন, সাজেস্টিভ ও অথেনটিক মকটেস্ট সিরিজ, নিয়মিত স্টাডি মেটেরিয়ালস, ধরে ক্লাসের সঙ্গে ইনডিভিজুয়াল কেয়ার, ডাউট ক্লিয়ারিং ক্লাস পরীক্ষার আগে স্পেশাল মেটেরিয়ালস ও লাস্ট মিনিট সাজেশনস, ফ্রি লাইব্রেরি ও পার্সোনালিটি গ্রুমিং সেশন যা জিএসসিই-র ছাত্রছাত্রীদের সঠিক লক্ষ্যে পৌঁছাতে বছরের পর বছর সাহায্য করে চলেছে।
জিএসসিই-তে প্রস্তুতি চলছে জোরকদমে। নিজের ভবিষ্যৎ গড়তে আজই আসুন আপনার নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে। গ্রুপে ভর্তি হলে কোর্স ফি-তে বিশেষ ছাড়।

পশ্চিমবঙ্গে ৮০০০ শূন্যপদে কনস্টেবল নিয়োগ শীঘ্রই

জিএসসিই নিয়ে এলো শুধুমাত্র Mock Test দেওয়ারও সুযোগ!
জিএসসিই নিয়ে এলো ডব্লুবিসিএস, পিএসসি ক্লার্কশিপ প্রভৃতি পরীক্ষার প্রস্তুতির উপর শুধুমাত্র মক টেস্ট দেওয়ারও সুযোগ। কোনো একটি পরীক্ষা বা একাধিক পরীক্ষার জন্য পরীক্ষার্থীরা বাড়ির নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে এসে এই সুযোগ নিতে পারেন। প্রতিটি পরীক্ষার ফি ৩০০০ টাকা + জিএসটি।
আজই যোগাযোগ করুন।

Website : www.gsceindia.org | Toll Free No. 18001230667

শিয়ালদহ (হেড অফিস)
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
© 9674087465
© 9051040306
Helpline : 9830277100/200/300
পরীক্ষার খুঁটিনাটি জানতে- 9231036500
চাকরি সংক্রান্ত বিষয়ে জানতে ফোন করুন অথবা SMS করুন

| | |
|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 |
| গড়িয়াহাট | 9230056665 |
| বারাসাত | 9674087467 |
| ব্যারাকপুর | 9230056668 |
| কল্যানী | 9674087469 |
| রানাঘাট | 9674083508 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| সোনারপুর | 9674087466 |
| ডায়মন্ডহারবার | 9230056662 |
| ক্যানিং | 7031615596 |
| হাওড়া ময়দান | 9230056677 |
| | 9830342271 |
| বাগনান | 9674087468 |
| তমলুক | 8697984951 |
| কাঁথি | 9674140376 |
| পঃমেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বাঁকুড়া | 8017491727 |
| পুরুলিয়া | 9830277820 |
| আসানসোল | 9674087475 |
| দুর্গাপুর | 9674025500 |
| বর্ধমান | 9674025700 |
| কোন্নগর | 9230056667 |
| তারকেশ্বর | 9830277743 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |
| বোলপুর | 9674012025 |
| রামপুরহাট | 9674061397 |
| বহরমপুর | 9674087471 |
| মালদা | 9674087472 |
| বালুরঘাট | 9230056676 |
| রায়গঞ্জ | 8017491728 |
| ইসলামপুর | 9830277597 |
| শিলিগুড়ি | 9674087473 |
| দার্জিলিং | 9674087821 |
| কালিম্পং | 9830277171 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| কোচবিহার | 9830277023 |
| দিনহাটা | 9830277698 |


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-6233. E-Mail : karmasang@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## রেলে চাকরির

■ *গ্র্যাজুয়েশনের পর ডি.এল.এড. কোর্স না করে প্রাইমারি টিচারের পরীক্ষা দিতে পারব কি? — পাপাই ঘোষ, লক্ষ্মীপুল, কীর্তিপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ না, প্রাইমারি টিচারের জন্য ডি.এল.এড কোর্স পাশ হওয়া বাধ্যতামূলক।

■ *ওয়েল্ডার ট্রেডে ১ বছরের আই.টি.আই. সার্টিফিকেট পাশ করলে রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের জন্য যোগ্য কি? — মদন বর্মন, ভোলারডাবরি, আলিপুরদুয়ার।*

■■ না, যোগ্য নন। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের বেলায় মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক্স, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়্যারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে স্বীকৃত সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ হলেও যোগ্য।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| স্টেট ব্যাঙ্কে জুনিয়র অ্যাসোসিয়েটস | গ্র্যাজুয়েট | ৮,০০০ | ২৬-১-২০ | https://sbi.co.in |
| জওহরলাল ইনস্টিটিউটে নার্স, স্টেনো | উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা | ১৫৮ | ২৭-১-২০ | www.jipmer.edu.in |
| সেইলে টেকনিশিয়ান | আই.টি.আই., ডিগ্রি, ডিপ্লোমা | ১০৫ | ২৭-১-২০ | www.sail.co.in |
| দিল্লি পুলিশে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৫৪৯ | ২৭-১-২০ | www.delhipolice.nic.in |
| কটন কর্পোরেশন অ্যাসি., ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট | ৬৯ | ২৭-১-২০ | www.cotcorp.org.in |
| ভারতের সংসদে রিপোর্টার | গ্র্যাজুয়েট | ২১ | ২৮-১-২০ | www.loksabha.nic.in |
| ইউ.পি.এস.সি.'র এন.ডি.এ. ও এন.এ. | উচ্চমাধ্যমিক | ৪১৮ | ২৮-১-২০ | www.upsc.gov.in |
| এন.বি.সি.সি.-তে ম্যানেজমেন্ট ট্রেনি | গেট পাশ | ১০ | ২৮-১-২০ | www.nbccindia.com |
| দক্ষিণ-পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১,৭৮৫ | ৩-২-২০ | www.rrcser.co.in |
| কোস্ট গার্ডে নাবিক | উচ্চমাধ্যমিক, | ২৬০ | ২-২-২০ | www.joinindiancoastguard.gov.in |
| পশ্চিম রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩,৫৫৩ | ৬-২-২০ | www.rrcwr.com |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে ক্লার্ক, স্টেনো | পোস্ট গ্র্যাজুয়েট | ৪৮৫ | ৬-২-২০ | http://dsssbonline.nic.in |
| প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক | ৬,০৬০ | ৯-২-২০ | www.ofb.gov.in |
| কালিম্পং জেলা আদালতে ক্লার্ক, স্টেনো | এইট পাশ ও মাধ্যমিক | ৩২ | ১০-২-২০ | www.calcuttahighcourt.gov.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে শিক্ষক ও কাউন্সেলর | পোস্ট গ্র্যাজুয়েট | ৭০৯ | ১৩-২-২০ | http://dsssbonline.nic.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে ফী কালেক্টর, অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ২৮৯ | ২৭-২-২০ | http://dsssbonline.nic.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে ড্রাইভার, অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ২১০ | ২০-২-২০ | http://dsssbonline.nic.in |
| দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসে শিক্ষক ও লাইব্রেরিয়ান | গ্র্যাজুয়েট পোস্ট-গ্র্যাজুয়েট | ৩,৩৩২ | ২৩-২-২০ | http://dsssbonline.nic.in |
| রেলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ৪০০ | ৬-২-২০ | www.rcf.indianrailways.gov.in |
| সরকারি পলিটেকনিকে ল্যাব অ্যাসিস্ট্যান্ট | ডিগ্রি | ২০৯ | ৩০-১-২০ | www.pscwbapplication.in |
| সেনাবাহিনীতে অফিসার | এন.সি.সি.'র পাশদের জন্য | ৫৫ | ৬-২-২০ | www.joinindianarmy.nic.in |
| এইমসে নার্স | বি.এসসি.নার্সিং | ২০৬ | ১২-২-২০ | www.aiimspatna.org |
| এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ডে এনফোর্সমেন্ট অফিসার | গ্র্যাজুয়েট | ৪২১ | ৩১-১-২০ | www.upsconline.nic.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক ডিপ্লোমা | ১০২ | ৩১-১-২০ | www.npcilcareers.co.in |
| দিল্লি বন দফতরে ফরেস্ট গার্ড | মাধ্যমিক উচ্চমাধ্যমিক | ২২২ | ১৩-২-২০ | htt://forest.delhigovt.nic.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ২৪৮ | ২৭-১-২০ | www.iocl.com |

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিসের মাধ্যমে গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। — বাবু দাস, কীর্তিপুর, মহঃ বাজার, বীরভূম।*

■■ এবছর বিজ্ঞপ্তি বেরোবে কিনা তা এখনো ঠিক হয়নি। গ্রুপ-ডি পদের বেলায় ৬০ নম্বরের ৬০টি অবজেক্টিভ-মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সফল হলে মোট শূন্যপদের ২ গুণ প্রার্থীর নাম ধরে মেধা তালিকা ও ওয়েটিং তালিকা তৈরি হবে।

## পাব্লিক সার্ভিসের

■ *পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর, ফুড ইন্সপেক্টর, আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের পরীক্ষার ফল কবে বেরোবে? — সমর জানা, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা। মহঃ সাকিবুল ইসলাম, আওয়ালসিদ্ধি, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে এবছর এপ্রিল-মে মাস পর্যন্ত যে যে পদের পরীক্ষা হবে ও পরীক্ষার ফল বেরোবে তার তালিকা পি.এস.সি. অফিস প্রকাশ করেছে।

ক্লার্কশিপ প্রথম পার্টের অবজেক্টিভ টাইপের পরীক্ষা ২৫ জানুয়ারি। তাতে সফল হলে ডেসক্রিপ্টিভ টাইপের মেন পরীক্ষা হবে জুলাই-আগস্ট মাস নাগাদ।

ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা হবে ৯ ফেব্রুয়ারি। ফল বেরোবে জুন-জুলাইয়ে। মেন পরীক্ষা হবে আগস্ট মাস নাগাদ।

ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস, ২০১৯ : প্রিলিমিনারি পরীক্ষা হবে ১৬ ফেব্রুয়ারি।

ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস (মেন), ২০১৮'এর মেন পরীক্ষা হবে ২০ ফেব্রুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি।

২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে ৮ মার্চ।

২০১৮ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সি) মেন পরীক্ষার 'সি' গ্রুপের ফল বেরোবে ফেব্রুয়ারিতে।

২০১৮ সালের মিসলেনিয়াস সার্ভিসেস (মেন) পরীক্ষার ফল বেরোবে মার্চ মাসে।

ফায়ার অপারেটর পদের শারীরিক মাপজোখ ও এন্ডিওরেন্স টেস্টে সফল প্রার্থীদের ইন্টারভিউ শুরু মার্চে।

২০১৮ সালের সাব-ইন্সপেক্টর অফ স্কুল পদের চূড়ান্ত ফল বেরোবে মার্চে।

সরকারি পলিটেকনিক কলেজের লেকচারার পদের স্ক্রিনিং টেস্টের উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে মার্চ মাস নাগাদ।

২০১৮ সালের সাব-ডিভিশনাল ইনফর্মেশন অ্যান্ড কালচারাল অফিসার পদের মেন পরীক্ষার ফল বেরোবে এপ্রিলে।

২০১৮ সালের সাব-ইন্সপেক্টর অফ ফুড'এর প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্টের উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে এপ্রিলে।

২০১৮ সালের ওয়েস্ট বেঙ্গল লিগ্যাল সার্ভিস 'এর মেন পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে মে মাস নাগাদ।

মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেকনিক্যাল)'এর প্রিলিমিনারি লিখিত পরীক্ষার ফল বেরোবে এ মাসেই।

আই.সি.ডি.এস. (সুপারভাইজর) পদের প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্টের উত্তরপত্র মূল্যায়নের কাজ চলছে। ফল বেরোবে মার্চ মাস নাগাদ।

লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট পদের স্ক্রিনিং টেস্টের ফল বেরোবে ফেব্রুয়ারি মাসে।

■ *ক্লার্কশিপ পার্ট-ওয়ান ও পার্ট-টু পরীক্ষা কি একই দিনে হবে? অ্যাডমিট কার্ড কবে থেকে ডাউনলোড করতে পারব? — তনয়া নন্দী। বিকাশ দাস, হুগলি।*

■■ ক্লার্কশিপ পার্ট-ওয়ান ও পার্ট-টু পরীক্ষা একই দিনে হবে না। ২৫ জানুয়ারি ক্লার্কশিপ পার্ট-ওয়ান পরীক্ষা হবে। এই পরীক্ষায় সফল হলে তবেই পার্ট-টু পরীক্ষা হবে।

## অন্যান্য চাকরির

■ *সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি। পলিটেকনিকে সিভিল শাখায় ডিপ্লোমা করছি। ডিপ্লোমা পাশ করে কোন কোন সরকারি চাকরি পেতে পারি? — আকাশ সাহা, শান্তিনগর, শিলিগুড়ি।*

■■ ডিপ্লোমা কোর্স পাশ হলে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনেক চাকরি পেতে পারেন। যেমন পি.এস.সি.'র জুনিয়র ইঞ্জিনিয়ার, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের জুনিয়র ইঞ্জিনিয়ার পদে যোগ্য। বিদ্যুৎ সংস্থায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদে যোগ্য। কেন্দ্রীয় সরকারের চাকরিতে যেমন স্টিল অথরিটি অফ ইন্ডিয়া, হিন্দুস্তান অ্যারোনটিক্স, ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন, ন্যাশনাল ফার্টিলাইজার, এন.টি.পি.সি. ইত্যাদি সংস্থায় ডিপ্লোমা পাশদের প্রচুর সুযোগ আছে। রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদেও প্রচুর সুযোগ। এছাড়াও কেন্দ্রীয় বহু সংস্থায় ডিপ্লোমা পাশদের জন্য টেকনিক্যাল অ্যাপ্রেন্টিস হিসাবে লোক নেওয়া হয়।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স থাকা দরকার? প্রার্থী বাছাই পদ্ধতি কীভাবে হয়? — মহঃ জসিম, সালকিয়া, হাওড়া। কুন্তল বক্সী, শ্যামবাজার, কলকাতা।*

■■ মাধ্যমিক পাশ ছেলেরা যোগ্য। বয়স হতে হবে১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৭ কেজি। গোর্খা, গাড়োয়ালিস, রাজবংশী ও তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৫৩ কেজি। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা। তাতে সফল হলে লিখিত মেন পরীক্ষা। তারপর হবে পার্সোন্যালিটি টেস্ট। প্রিলি. পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৫০ নম্বর, (খ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) -৩০ নম্বর, (গ) রিজনিং-২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়।

এই পরীক্ষায় কোয়ালিফাই করলে শারীরিক মাপজোখ (ফিজিক্যাল মেজারমেন্ট টেস্ট) ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) 'শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেনটিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে তবে মেন পরীক্ষার জন্য ডাকা হবে।

৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি - ২৫ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) - ২০ নম্বর, (ঘ) রিজনিং-লজিক্যাল অ্যানালাইসিস - ১৫ নম্বর। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ভাষায়। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে:- **karmajiggasa@gmail.com** ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ

১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩


## স্কুল-কলেজ-শিক্ষা

GNM BSC-নার্সিং, D.El. Ed B.Ed, M.Ed, B.P.Ed M.P.Ed LLB, ENGG, Ph.D, ফার্মেসী এছাড়া যেকোনো কোর্স ডিস্টেন্স/ রেগুলারে হয়। BIHM- বোলপুর- 7001731491/9474833208 UM

TO Join Merchant Navy- Basic course @Rs. 9500/- Sensea Maritime Academy, Govt of India Approved. Min. Qualification 10th Pass + Passport. M - 8240525223. SH(S)

**SI Classes**
WBCS & Combined কোর্সে নতুন সেশনে ভর্তি চলছে। www.siclasses.com Call- 9830345378/379 (10-8 pm) MS

## কর্মখালি

**দমদম Airport ও মেট্রো সরকারি কন্ট্রাক্টরের অধীনে**
7 দিনে স্পট জয়েনিং। সম্পূর্ণ বিনা ডোনেশনে বিভিন্ন অফিশিয়াল পদে 242 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম/ স্নাতক। বেতন- 17,900/- 47,300/-. থাকা খাওয়া ফ্রি। M- 9732038226. SA(A)

**পঃবঃ এই সর্বপ্রথম এয়ারপোর্ট-মেট্রোতে**
7 দিনে স্পট জয়েনিং সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport মেট্রো ও ব্যাংকে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা- ৮ম-স্নাতক। বেতন-18,300/- 49,200/-. M 9563998788. SA(A)

**এয়ারপোর্ট ও মেট্রো**
Govt. RL No-2583 উঃবঙ্গ সহ পঃবঙ্গের বিভিন্ন জেলায় Airport মেট্রো ও ব্যাংকে M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম- স্নাতক। বেতন- 17,900/- 48,300/-. থাকা খাওয়া ফ্রি। M- 9609761648. SA(A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
Govt. RL No-43213 স্ট্যাম্প পেপারে লিখিত সহ Airport মেট্রো ও ব্যাংকে, M/F নিয়োগ চলছে। যোগ্যতা-৮ম/স্নাতক। বেতন-18,200/- -- 47,300/- থাকা খাওয়া। M 9647777656. SA(A)

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
PSC (ক্লার্ক), রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 700PM. চন্দ্র স্যার-9903500682 R

**শর্ট মেথড বিশেষজ্ঞ**
MATH, GI, GK, ব্যাঙ্ক, WBCS, রেল, CGL, PSC, আগে ফ্রি ক্লাস, মাসে ফি, সোদপুর, সোনারপুর। HM Sir- 9007112434 SH (S)

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555. LG

MORE THAN 100 RESEARCH SCHOLARS
MANY HAVE BEEN AWARDED
ADMISSION NOTICE
**Ph.D.**
- Humanities
- Engineering
- Nursing
- Law
- Library Science
- Science
- Management
- Pharmacy
- Performing Arts (Music/Dance)

VISION INSTITUTE OF PROFESSIONAL STUDIES
Kol : 7603004971 / 7603004973
www.visiongroup.in

**18 বছরের অভিজ্ঞ শিক্ষক**
জয়ন্ত রায়। গড়িয়া, শিয়ালদহে WBCS, Rail, Bank, W.B Police, CGL ইত্যাদির, Maths, G.I, GK. 500/month, Record Success. (M)- 8777217803 SH

**নার্সিং ও প্যারামেডিক্যাল**
কোর্সে জানুঃ সেশনের ফর্ম দেওয়া হচ্ছে। নার্সিং (ANM/DHN), E.C.G., DMLT (প্যাথোঃ), DPT (ফিজিওথেরাপি) ভর্তি চলছে। শিক্ষান্তে কাজের সুযোগ। MRIT,শ্রীরামপুর 9231839309. R

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
লিখিত এগ্রিমেন্ট পেপার সহ ব্যাংক (DSA) ও Airport এ কন্ট্রাক্টরের অধীনে M/F জয়েনিং চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন 18,000/--45,500/-. M-9647781962 SA(A)

**URGENT VACANCY**
**কাজ পাবেন গ্যারান্টি সহ**
**Govt. L.No-44124**
উঃবঙ্গ সহ পঃবঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশানে Airport-Metro কন্ট্রাক্টরের অধীনে ও Bank (DSA) তে M/F নেওয়া হচ্ছে। যোগ্যতা নামসই —স্নাতক। বেতন: (10,500/- 32,500/- ) থাকা, খাওয়া ফ্রি। M-8282813092. SA (A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

**CIMST**
**প্যারামেডিক্যাল কোর্সেস**
Approved by BSS, Govt. of India, DMLT (প্যাথো), অপ্টোমেট্রি, ফিজিওথেরাপী, ECG, Dialysis, X-Ray, Dental, OT. অ্যালোপ্যাথি (CMS & ED), আয়ুর্বেদ (DAMS), হোমিও (DHMS) কোর্সে ভর্তি। যোগ্যতা: MP/HS. Campus: 126B, Raja Rammohan Sarani, Kol-9, (শিয়ালদা পূরবী সিনেমার নিকট) Mobile No- 9331062421.www.cimst.org.in D

**WBCS-21 Admission**
Regular/Weekend ব্যাচগুলি শুরু হচ্ছে। হাতে ধরে শেখানো হয়। ICE বালিগঞ্জ- 9804412898 R

**Tarun Da, Barasat**
MATH, GI & G.K of All Competitive Exam, & WBCS. M-9830989770. SH(S)

**ফায়ার এন্ড সেফটি**
ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স। Lotus Institute, গোবরডাঙ্গা, 8918859081, 8372808660 R

**Math & Eng সোনারপুর**
WBCS, SSC, ক্লার্ক, Gr-D Rail, Bank, প্রাইমারী (spl), পুলিশ S.I, Alakesh Sir. 9836045234 SH

**পুলিশ, আর্মি, GD র**
নিশ্চিত সাফল্য, পি. কুণ্ডুর তত্ত্বাবধানে আইডিয়ালে (মেস আছে)। Fees সাফল্যের পর, বারাসাত, বারুইপুর। 9831757747, 8420235300. SH

## কর্মখালি

**গ্রুপ D পদে ফর্ম ফিলাপ চলছে**
পঃবঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রো ও ব্যাংকে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম- স্নাতক। বেতন: 18,300/- 47,900. অন্যান্য সুবিধা। Ex আর্মির ছাড়। M - 9647778931. SA (A)

**এয়ারপোর্ট, মেট্রোতে ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport, মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশানে M/F কর্মী চাই। যোগ্যতা ৮ম/স্নাতক। বেতন- 18,200/--48,300. থাকা খাওয়া ফ্রি। M-8343905045. SA(A)

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## স্কুল-কলেজ-শিক্ষা

**কর্মশিক্ষায় 1st, All TET**
টার্গেট ব্যাচে নিশ্চিত সাফল্য পেতে কোচিং ও মক টেস্ট। বেলঘরিয়া, গড়িয়া। M - 7003686524 D

**Competitive Exam**
পড়ানো হয় দুঃস্থদের জন্য মাসিক ফি, ডায়মন্ড হারবার, 9903048018, 7908162021 SH(S)

**SSC- ইতিহাস**
Upper, IX-X, XI-XII, অল্প প্রশ্ন বাড়িতে পড়ে সাফল্য নিশ্চিত। নোটস পেতে Ph-9547593660 SH (S)

**সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার-এ স্টাইপেন্ড সহ সরকারি কোর্স**

**অপথালমিক কেয়ার টেকনোলজি সার্টিফিকেট প্রোগ্রাম**
(মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি /MAKAUT, পূর্বে পরিচিত - ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি দ্বারা স্বীকৃত)
**শিক্ষাগত যোগ্যতা : ১২ পাশ।**
**বয়সসীমা : ১৮ থেকে ৩৫ বছর।**

**অ্যানেস্থেসিয়া টেকনিশিয়ান**
(ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন/NSDC দ্বারা স্বীকৃত)
কোর্সের মেয়াদকাল : ৬ মাস।
শিক্ষাগত যোগ্যতা : ১২ পাশ। (বিজ্ঞান বিভাগ)
বয়সসীমা : ১৮ থেকে ৩৫ বছর।
কোর্স ফি : ১০,০০০ টাকা।
৬ মাসের জন্য স্টাইপেন্ড : ৬,০০০ টাকা।
প্রবেশিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ৮০% স্কলারশিপের ব্যবস্থা।
ট্রেনিং সেন্টার : সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টার (সল্টলেক ও বহরমপুর)।
যোগাযোগ :
8622980053, 9875579240
email: hr.susrut@gmail.com
(সোম থেকে শনি- সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা)

**এজেনালয়**
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
**কর্মসংস্থান, সময় ও Appointment & Career News -এর**
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B. Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373

**পুরুলিয়া ও বাঁকুড়া**
Manorama Ad Agency
Manorama Collection, P.N Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**
Authenza Media Infotech Pvt. Ltd
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

appointmentnews@gmail.com
9874922004

## রাজ্য সরকারে ইঞ্জিনিয়ার

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট প্র্যাক্টিক্যাল ট্রেনিং / স্টাডি / রিসার্চ / প্র্যাক্টিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১-১-২০২০'র হিসাবে ৩৬ বছরের মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা (৪০% ও তার বেশি হলে) ১৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। পশ্চিমবঙ্গের বাইরের প্রার্থীরা 'জেনারেল কাস্টে'র প্রার্থী হিসাবে আবেদন করতে পারবেন। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১)।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। প্রথমে লিখিত পরীক্ষা হবে। সফল হলে ইন্টারভিউ। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখা হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in এই পদের বিজ্ঞপ্তি নং : ৩/২০২০। দরখাস্ত করবেন অনলাইনে, ৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। এবার পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ৪ ফেব্রুয়ারির মধ্যে। এছাড়াও টাকা অফলাইনে দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে। টাকা জমা দিতে পারবেন ৫ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## রাজ্য সরকারে ৫০ অফিসার

১ পাতার পর

পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ৭, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৬, ও.বি.সি. -বি ক্যাটেগরি ৩, প্রতিবন্ধী ৩)। এই পদের বিজ্ঞপ্তি নং : 4/2020.

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন।.অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ৭ ফেব্রুয়ারির মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন।

## কেন্দ্রীয় সংস্থায় ১০০ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৬৩%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৫-১-২০২০'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক প্রথম বছর মাসে ১৮,০০০ টাকা, দ্বিতীয় বছর ১৯,০০০ টাকা ও তৃতীয় বছর মাসে ২০,০০০ টাকা। চাকরি হবে ৩ বছরের চুক্তিতে। শূন্যপদ : উত্তর জোনে (আম্বালা, চণ্ডীগড়, দেরাদুন, জয়পুর, জম্মু, লক্ষ্মৌ, মিরাট, সিমলা) ৫৩টি, পশ্চিম জোনে (আহমেদাবাদ, ভূপাল, মুম্বাই, দাদরা ও নগর হাভেলি, পুনে) ৩৫টি, পূর্বাঞ্চলে (আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, ভুবনেশ্বর, পটনা, রায়পুর, রাঁচী, আগরতলা, আইজল, ডিমাপুর, ইম্ফল, গুয়াহাটি, শিলং) ৩২টি, দক্ষিণাঞ্চল (বেঙ্গালুরু, হায়দরাবাদ) ৯টি।

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : http://careers.itiltd-india.com সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) ৪০০ টাকার ডিমান্ড ড্রাফট। 'ITI Limited, Network Systems Unit'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'Bangalore'. তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। দরখাস্ত পৌঁছনো চাই ৩০ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : Additional General Manager -HR (NS&M), ITI Limited, Network Systems Unit, F-100, Dooravaninagar, Bangalore-560 016.

## ২৯২ আশা কর্মী

১ পাতার পর

তরুণী নেওয়া হচ্ছে।

মাধ্যমিক পাশ বা, মাধ্যমিকে অকৃতকার্য বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার মহিলারা মাধ্যমিকের সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে ১-১-২০২০'এর হিসাবে সাধারণ প্রার্থীদের বেলায় ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী উপজাতিদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম ও উপস্বাস্থ্য কেন্দ্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোন ব্লকের অধীন কোন গ্রামে ক'টি শূন্যপদ তা সংশ্লিষ্ট ব্লক অফিস, গ্রাম পঞ্চায়েত অফিস, বি.এম.ও.এইচ. অফিসে পাবেন। এই পদের মেমো নং : CMOH(SPG) 478, Date: 16.01.2020.

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান-সহ বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট ব্লক অফিসে কিংবা এই ওয়েবসাইটে : www.s24pgs.gov.in, www.s24pgsgov.in, www.wbhealth.gov.in দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১০ ফেব্রুয়ারি। পূরণ-করা দরখাস্ত রেজিস্ট্রি ডাকে বা, স্পীড ডাকে পাঠাবেন, সংশ্লিষ্ট ব্লকের বি.ডি.ও. অফিসে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad